শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, শ্রীযুক্ত প্রসন্নকুমার শাস্ত্রিকৃত সরলার্থপ্রবোধিনী ব্যাখ্যা (অন্বয়),
শাঙ্করভাষ্য, স্বামিকৃতটীকা, মধুসূদনসরস্বতীকৃতটীকা,
শ্রীযুক্ত শশধর তর্কচূড়ামণি মহাশয়কৃত বঙ্গা-
নুবাদ ও নানাবিধ প্রয়োজনীয়
টিপ্পনী সম্বলিতা।

—০:*:০—

২৮।১ নং বিডন রো, দর্জ্জিপাড়া; "শাস্ত্র প্রচার কার্য্যালয়" হইতে

শ্রীযুক্ত প্রসন্নকুমার শাস্ত্রি ভট্টাচার্য্য কর্ত্তৃক

সম্পাদিতা, সংশোধিতা ও প্রকাশিতা।

তৃতীয় সংস্করণ।

কলিকাতা,

২৮।১ নং বিডন রো; "শাস্ত্র প্রচার" প্রেসে
শ্রীকুলচন্দ্র দে দ্বারা মুদ্রিতা।

শকাব্দ ১৮২৯।

বিশেষ দ্রষ্টব্য।

শ্রীনাথ লাইব্রেরী।

এই লাইব্রেরীতে ইংরাজী, বাঙ্গলা, সংস্কৃত, নাটক, নভেল, কাব্য, চিকিৎসা (কবিরাজী ও ডাক্তারী) ও ধর্ম্মগ্রন্থ প্রভৃতি যাবতীয় পুস্তকই পাওয়া যায় এবং ভি, পি, ডাকে পাঠান হয়। কিন্তু কিছু অগ্রিম মূল্য না পাঠাইলে স্কুলপাঠ্য পুস্তক পাঠান হয় না। বিদেশ হইতে অর্ডার আসিলে যত্নের সহিত অতি সত্বর পুস্তক প্রেরিত হইয়া থাকে। পাইকারদিগকে যথেষ্ট কমিশন দেওয়া হয়।

যাঁহারা বিজ্ঞাপনের আড়ম্বরে মুগ্ধ হইয়া প্রতারিত হইয়াছেন, তাঁহারা একবার আমাদের সহিত ব্যবহার করিয়া দেখুন, আমাদের কার্য্য কতদূর ন্যায় সঙ্গত। আমরা জানি—সত্যই উন্নতির সোপান। সেই সত্যই আমাদের একমাত্র লক্ষ্যস্থল। তাই গ্রাহক মহোদয়দিগকে আহ্বান করিতেছি, আপনারা একবার পরীক্ষা করিয়া দেখুন।

ঠিকানা—পি, এস্ ভট্টাচার্য্য
ম্যানেজার শ্রীনাথ লাইব্রেরী।
২৮।১ নং বিডন্ রো, দর্জ্জিপাড়া, কলিকাতা।

শাস্ত্রপ্রচার প্রেস।

এই প্রেসে বাঙ্গলা, ইংরাজি চেক, বিল, পত্র, রসিদ এবং সকল প্রকার পুস্তক সুলভ মূল্যে পরিষ্কার পরিচ্ছন্ন রূপে অতি শীঘ্র ছাপা হইয়া থাকে। মফঃস্বলের লেখকগণ ভারার্পণ করিলে, আমরাই প্রুফ্ দেখিয়া দেই। মফঃস্বলবাসী লেখকগণ ঘরে বসিয়াই যাহাতে নির্ব্বিঘ্নে পুস্তকাদি ছাপাইতে পারেন, তদুপযোগী সমস্ত ব্যবস্থাই আমরা করিয়াছি। রিপ্লাই কার্ড বা টিকিট সহ নিম্ন লিখিত ঠিকানায় লিখিলে বিশেষ সংবাদ জানিতে পারিবেন।

ঠিকানা—পি, এস্ ভট্টাচার্য্য
ম্যানেজার "শাস্ত্রপ্রচার" প্রেস,
২৮।১ নং বিডন্ রো, দর্জ্জিপাড়া, কলিকাতা।

অবতরণিকা।

সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ॥

শ্রীভগবান্ এই অনন্ত কোটি ব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়া তাহার স্থিতি সম্পাদন মানসে মরীচ্যাদি প্রজাপতিগণকে সৃষ্টি করতঃ সংসারপ্রবৃত্তি সাধক বেদোক্ত ধর্ম্মোপদেশ করেন এবং অনন্তর সনকসনন্দাদি মহানুভব ঋষিগণকে সৃষ্টি করিয়া জ্ঞান বৈরাগ্যাদি সংসার-প্রবৃত্তি সাধক ধর্ম্মোপদেশ প্রদান করেন। বেদে দ্বিপ্রকার ধর্ম্মোপদেশ দৃষ্ট হইয়া থাকে, একটী সংসার-প্রবৃত্তি সাধক, ২য় তন্নিবৃত্তি সাধক। যখন এই বেদোক্ত ধর্ম্মদ্বয়ের অভিভব উপস্থিত হইয়া অধর্ম্মের অভ্যুত্থান দৃষ্ট হইতেছিল, তখন আদি কর্ত্তা ভগবান্ নারায়ণ বসুদেবের ঔরসে দেবকীর গর্ভে আবির্ভূত হইয়াছিলেন। তিনি যদি চ জন্ম রহিত, সর্ব্ব ভূতেশ্বর, নিত্য, শুদ্ধ, বুদ্ধ, মুক্তস্বভাব পরমাত্মস্বরূপ, তথাপি ভূতানুকম্পাবশগ হইয়াই সামান্য মানবের ন্যায় দেহ ধারণ পূর্ব্বক জন্ম পরিগ্রহ করিয়া থাকেন। তাঁহার স্বপ্রয়োজন না থাকিলেও লোকে ধর্ম্ম সংস্থাপনের উদ্দেশে এই প্রকার লীলাবির্ভাব করিতে হয়।

ভগবান্ যখন দেখিলেন, তাঁহার প্রিয়ভক্ত শ্রীমান্ অর্জ্জুন শোক মোহাদি-সাগরে নিমগ্ন হইয়া হাবুডুবু খাইতেছে তখন তাঁহার করুণাময় হৃদয় উদ্বেলিত হইয়া উঠিল, তখন স্থির থাকিতে পারিলেন না, সুতরাং অর্জ্জুনকে বৈদিক ধর্ম্মদ্বয় উপদেশ করিতে লাগিলেন। বেদে যেমন জনক যাজ্ঞবল্ক্যাদি সংবাদের অবতারণা পূর্ব্বক নিখিল লোককেই ধর্ম্মোপদেশ প্রদত্ত হইয়াছে এই গ্রন্থে ও তেমন অর্জ্জুনকে নিমিত্ত করিয়া প্রত্যেক অধিকারীকে পৃথক্ ভাবে বেদার্থ সারসংগ্রহ স্বরূপ ধর্ম্মোপদেশ করিয়াছেন। এই নিমিত্ত ইহাকেও উপনিষৎ শব্দে অভিহিত করা হইয়াছে। পরন্তু ভগবান্ অর্জ্জুনকে লক্ষ্য করিয়া যে ধর্ম্মোপদেশ রাশি প্রদান করিয়াছিলেন, সর্ব্বজ্ঞ ভগবান্ বেদব্যাস তাহাই সপ্তশত শ্লোকদ্বারা গীতানামে নিবদ্ধ করিয়াছেন।

বেদ যেমন কর্ম্ম, উপাসনা ও জ্ঞান এই কাণ্ডত্রয়াত্মক, এই গীতা গ্রন্থ ও সেই প্রকার কর্ম্ম, উপাসনা ও জ্ঞান এই কাণ্ডত্রয়াত্মক। গীতা অষ্টাদশ অধ্যায়ে বিভক্ত, ইহার প্রথম ষট্ অধ্যায়ে এককাণ্ড, ২য় ষট্ অধ্যায়ে এককাণ্ড এবং ৩য় ষট্ অধ্যায়ে এককাণ্ড এই কাণ্ডত্রয় নির্দ্দিষ্ট হইয়াছে। কর্ম্ম ও জ্ঞান পরস্পর বিরোধী পদার্থ, ইহাদের কখনই সমুচ্চয় হইতে পারে না এই নিমিত্ত প্রথম কাণ্ডে কর্ম্ম নিষ্ঠা ও শেষ কাণ্ডে জ্ঞান নিষ্ঠার নির্দ্দেশ করিয়া উভয়ের বিরোধিতা প্রদর্শন করিয়াছেন। ভগবদ্ভক্তি নিষ্ঠা, জ্ঞান ও কর্ম্ম উভয়ানুগত এইজন্য তাহা মধ্যমকাণ্ডে নির্দ্দেশ করা হইয়াছে। জ্ঞান ও কর্ম্মকাণ্ডে যেমন বিঘ্নাশঙ্কা আছে, ভক্তিনিষ্ঠার তাহা নাই, পরন্তু ভক্তিনিষ্ঠা সর্ব্ব বিঘ্ন বিনাশ করিতে সমর্থ। এই ভক্তিনিষ্ঠা ত্রিবিধ, বিশুদ্ধ ভক্তিনিষ্ঠা, কর্ম্মমিশ্র ভক্তিনিষ্ঠা এবং জ্ঞানমিশ্র ভক্তিনিষ্ঠা।

প্রথমকাণ্ডে কর্ম্ম এবং কর্ম্মত্যাগ বর্ণনা প্রসঙ্গে "ত্বং" পদার্থ নিরূপিত হইয়াছে, দ্বিতীয় কাণ্ডে ভক্তিনিষ্ঠা বর্ণন প্রসঙ্গে "তৎ" পদার্থ এবং তৃতীয় কাণ্ডে "তত্ত্বমসি" এই মহাবাক্যার্থ বর্ণন প্রসঙ্গে জীব ও পরমাত্মার ঐক্য প্রতিপাদিত হইয়াছে। এই প্রকারে প্রত্যেক কাণ্ডের সহিত প্রত্যেক কাণ্ডের সম্বন্ধ রাখিয়া গ্রন্থ নিবদ্ধ হইয়াছে। বস্তুতঃ এই গীতা শাস্ত্রের মুক্তিসাধনই প্রয়োজন অতএব মুমুক্ষু ব্যক্তি এই শাস্ত্রের আশ্রয় করিবেন।

পূর্ব্বেই বলা হইয়াছে যে, গীতা কাণ্ডত্রয়াত্মিকা, প্রথম ষট্ অধ্যায়ে কর্ম্মকাণ্ড, দ্বিতীয় ষট্ অধ্যায়ে ভক্তিকাণ্ড এবং তৃতীয় ষট্ অধ্যায়ে জ্ঞানকাণ্ড নিরূপিত হইয়াছে। এইক্ষণ প্রত্যেক অধ্যায়ের পরস্পর সম্বন্ধ এবং সংক্ষিপ্ত সমস্ত গীতার্থ প্রদর্শিত হইতেছে।

প্রথম অধ্যায়ের দ্বারা আখ্যায়িকা বর্ণনা পূর্ব্বক গীতার্থোপদেশের হেতু প্রদর্শিত হইয়াছে। দ্বিতীয় অধ্যায়ের দ্বারা বর্ণনীয় সমস্ত গীতার্থ সংক্ষেপে সূচিত হইয়াছে। যথা,—প্রথমে নিষ্কাম কর্ম্ম-নিষ্ঠা, তৎপর অন্তঃকরণ শুদ্ধি, তদনন্তর শম, দমাদি সাধন পূর্ব্বক সমস্ত কর্ম্ম সন্ন্যাস, তৎপর বেদান্ত-বাক্যের বিচার পুরঃসর ভগবানে ভক্তিনিষ্ঠা হয় এবং তৎপর তত্ত্বজ্ঞান নিষ্ঠা সাধিত হইয়া থাকে। তত্ত্বজ্ঞান সাধিত হইলেই সত্ত্ব রজ তমোগুণময়ী অবিদ্যার নিবৃত্তি হয়, তখনই মানবের জীবন্মুক্তি অবস্থা বলা যায়। এই জীবন্মুক্তি দশায় মানব প্রারব্ধ কর্ম্মের ভোগ করিতে থাকে, যখন প্রারব্ধ-ভোগ শেষ হইয়া যায় তখন বিদেহ মুক্তি হয়। জীবন্মুক্তি অবস্থাতে মানব পরম পুরুষার্থের অব-লম্বন স্বরূপ পর বৈরাগ্য লাভ করে এবং পর বৈরাগ্যের উপকারিণী দৈবী সম্পদাখ্যা শুভ বাসনার আশ্রয় করে এবং পর বৈরাগ্যের বিরোধিনী আসুরী সম্পদাখ্যা অশুভ বাসনার পরিত্যাগ করে। দৈবী সম্পদের কারণ সাত্ত্বিকী শ্রদ্ধা, আর আসুরী সম্পদের কারণ রাজসী তামসী শ্রদ্ধা, এই নিমিত্ত সাত্ত্বিকী শ্রদ্ধার গ্রহণ করিবে, কদাচ রাজসী তামসী শ্রদ্ধার আদান করিবে না। ইহাই সমস্ত গীতা-শাস্ত্রের সংক্ষিপ্ত বিষয়। অতঃপর আর একটু বিস্তার পূর্ব্বক প্রত্যেক অধ্যায়ের সঙ্গতি বলা হইতেছে, তাহা হইলেই পাঠকগণ একটু পরিস্ফুট রূপে বুঝিতে পারিবেন।—"যোগস্থঃ কুরু কর্ম্মাণি" (২য় অং। ৪৮ শ্লোক) ইত্যাদি শ্লোকদ্বারা অন্তঃকরণের শুদ্ধিহেতুভূতা নিষ্কাম কর্ম্মনিষ্ঠা সূচিত হইয়াছে, তৃতীয় ও চতুর্থ অধ্যায়ের দ্বারা উহারই বিস্তৃত ব্যাখ্যা প্রদর্শিত হইয়াছে। "বিহায় কামান্ যঃ সর্ব্বান্" (২য় অং। ৭১ শ্লোক) ইত্যাদি শ্লোকদ্বারা শুদ্ধান্তঃকরণ ব্যক্তির শম দমাদি সাধনপূর্ব্বক সর্ব্বকর্ম্ম সন্ন্যাস নিষ্ঠা সূত্রিত হইয়াছে, পঞ্চম ও ষষ্ঠাধ্যায়ের দ্বারা উহারই বিস্তৃত ব্যাখ্যা প্রদর্শন পূর্ব্বক "ত্বং" পদার্থ নিরূপণ করিয়াছেন। "যুক্ত আসীত মৎপরঃ" (২য় অং। ৬১ শ্লোক) ইত্যাদি শ্লোকদ্বারা বেদান্তবাক্য বিচারপূর্ব্বক অনেক প্রকার ভগবদ্ভক্তি নিষ্ঠা সূত্রিত হইয়াছে এবং মধ্যম ষট্ক দ্বারা তাহারই বিস্তৃত ব্যাখ্যা প্রদর্শিত হইয়াছে এবং তৎ প্রসঙ্গে "তৎ" পদার্থ ও নিরূপিত হইয়াছে। "বেদাবিনাশিনং নিত্যং" (২য় অং। ২১ শ্লোক) ইত্যাদি শ্লোকদ্বারা "তৎ" ও "ত্বং" পদার্থের ঐক্য জ্ঞানরূপ তত্ত্বজ্ঞান নিষ্ঠা সূচিত হইয়াছে। ত্রয়োদশ অধ্যায়ে ইহার বিস্তৃত ব্যাখ্যা প্রদর্শিত হইয়াছে। "ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন" (২য় অং। ৪৫ শ্লোক) ইত্যাদি শ্লোকের দ্বারা ত্রৈগুণ্য নিবৃত্তি সূচিত হইয়াছে এবং ইহারই বিস্তৃত ব্যাখ্যা প্রদর্শনার্থ চতুর্দ্দশ অধ্যায় আরব্ধ হইয়াছে। এই ত্রৈগুণ্য নিবৃত্তিই জীবন্মুক্তি, ইহাই গুণাতীত লক্ষণের ব্যাখ্যা

প্রস্তাবে বিস্তার পূর্ব্বক বলিয়াছেন। "তদা গন্তাসি নির্ব্বেদং" (২য় অং। ৫২ শ্লোক) ইত্যাদি শ্লোকদ্বারা পরম বৈরাগ্য নিষ্ঠা সূত্রিত হইয়াছে। সংসার বৃক্ষোচ্ছেদ বর্ণন পূর্ব্বক ইহারই বিস্তৃত ব্যাখ্যা পঞ্চদশ অধ্যায়ে প্রদর্শিত হইয়াছে। "দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ" (২য় অং। ৫৬ শ্লোক) ইত্যাদি শ্লোকদ্বারা স্থিতপ্রজ্ঞ লক্ষণ প্রস্তাবে পর বৈরাগ্যের উপকারিণী দৈবী সম্পদ্ এবং "যামিমাং পুষ্পিতাং বাচং" (২য় অং। ৪২ শ্লোক) ইত্যাদি শ্লোকদ্বারা দৈবী সম্পদের বিরোধিনী আসুরী সম্পদ্ সূত্রিত হইয়াছে এবং ইহারই বিস্তৃত ব্যাখ্যার্থে এবং দৈবী সম্পদের আদান এবং আসুরী সম্পদের পরিত্যাগ ষোড়শ অধ্যায়ে প্রদর্শিত হইয়াছে। "নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থঃ" (২য় অং। ৪৫ শ্লোক) ইত্যাদি শ্লোকদ্বারা দৈবী সম্পদের সাধারণ কারণ সাত্ত্বিকী শ্রদ্ধা ইহাই সূত্রিত হইয়াছে। ইহারই বিস্তৃত বিবরণ প্রদর্শনার্থ শ্রদ্ধাত্রয় বিভাগ পূর্ব্বক সপ্তদশ অধ্যায় আরব্ধ হইয়াছে। এই প্রকারে ত্রয়োদশ হইতে আরম্ভ করিয়া সপ্তদশ পর্য্যন্ত এই পঞ্চম অধ্যায়ের দ্বারা ফলের সহিত জ্ঞাননিষ্ঠা প্রদর্শন করিয়াছেন এবং অষ্টাদশ অধ্যায়ের দ্বারা পূর্ব্বোক্ত সমস্ত গীতার্থ উপসংহৃত হইয়াছে ইহাই সমস্ত গীতার্থ সঙ্গতি বলা হইল। ইহার বিশেষ বিস্তার বর্ণনীয় প্রস্তাব হইতে পাঠকগণ অবগত হইবেন।

উপসংহারে বক্তব্য এই যে, গীতার বহুতর ভাষ্য ও টীকা পূর্ব্ব পূর্ব্ব সাধু মহাত্মা পণ্ডিতগণ প্রকাশ করিয়া জগতের হিতসাধন করিয়া গিয়াছেন। তন্মধ্যে ভগবান্ শঙ্করাচার্য্যের ভাষ্যই শীর্ষস্থানীয় এবং তদবলম্বনে মহাত্মা শ্রীধরস্বামী একখানি টীকা প্রণয়ন করিয়াছেন, ইহা ও সংক্ষেপে প্রকৃতার্থ বোধনে বিশেষ উপযোগী। তৎপর মহাত্মা মধুসূদন সরস্বতী আর একখানি সুবৃহৎ টীকা রচনা করিয়া জগতে অক্ষয় কীর্ত্তি স্থাপন করিয়া গিয়াছেন। ইহাঁর ব্যাখ্যা নৈপুণ্যে চমকৃত না হইয়া থাকিতে পারা যায় না। ইহার ব্যাখ্যা যেমন সরল, তেমনি ভাব গম্ভীর। ইনি গীতার একটি চ, বা, তু, হি ও ব্যাখ্যা করিতে বিরত হয়েন নাই। এক কথায় বলিতে গেলে ইহাই বলিতে হয় যে, এই তিন খানি টীকাই সকল টীকার শীর্ষস্থানীয় এবং সর্ব্বত্র পরম আদৃত, তাই আমরা এই তিন খানি টীকাই আমাদের নব মুদ্রিত গ্রন্থে সন্নিবেশিত করিলাম। মূল্য বৃদ্ধি ভয়ে বৃথা অনেকগুলি টীকার আড়ম্বর করিয়া গ্রন্থের কলেবর বৃদ্ধি করিলাম না। আর একটী, বক্তব্য এই যে, আমাদের প্রকাশিত এই গ্রন্থে পরম পূজ্যপাদ পণ্ডিত প্রবর মহাত্মা শ্রীযুক্ত শশধর তর্কচূড়ামণি কৃত বঙ্গানুবাদ প্রদত্ত হইয়াছে। ইহা অতীব বিস্তৃত বা অতীব সংক্ষিপ্ত নহে। এই অনুবাদটী সমস্ত কএকখানি টীকার সহিত সামঞ্জস্য রাখিয়া করা হইয়াছে এবং অনেক বিষয় বোধের সৌকর্য্যার্থে চূড়ামণি মহাশয় কৃত টিপ্পনী ও সন্নিবেশিত হইয়াছে। স্থূলকল্পে এই বলা যায় যে, আমরা পাঠকগণের সুখবোধার্থে যাহা কিছু যত্ন করিতে হয় তাহার ত্রুটী করি নাই, এখন পূর্ব্ববারের ন্যায় এই গ্রন্থ পাঠকগণের আনন্দ বর্দ্ধন হইলেই সমস্ত পরিশ্রম সফল মনে করিব। অলমতিবিস্তরেণ ইতি।

শ্রীপ্রসন্নকুমার শর্ম্মা (শাস্ত্রী)।

শকাব্দ ১৮২৯। জ্যৈষ্ঠ

—:০:*:০—

অথ শ্রীমদ্ভগবদ্গীতা-পাঠক্রমঃ প্রারভ্যতে।

করন্যাসঃ।

ওঁ অস্য শ্রীভগবদ্গীতামালামন্ত্রস্য শ্রীভগবান্বেদব্যাস ঋষিঃ অনুষ্টুপ্ ছন্দঃ শ্রীকৃষ্ণঃ পরমাত্মা দেবতা। "অশোচ্যানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে" ইতি বীজম্। "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজে"তি শক্তিঃ, "অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ" ইতি কীলকম্। "নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ" ইত্যঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ" ইতি তর্জ্জনীভ্যাং নমঃ। "অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চে"তি মধ্যমাভ্যাং নমঃ। "নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ" ইত্যনামিকাভ্যাং নমঃ। "পশ্য মে পার্থ! রূপাণি শতশোঽথ সহস্রশ" ইতি কনিষ্ঠিকাভ্যাং নমঃ। "নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চে"তি করতলপৃষ্ঠাভ্যাং নমঃ। ইতি করন্যাসঃ।

হৃদয়াদিন্যাসঃ।

"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ" ইতি হৃদয়ায় নমঃ। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ" ইতি শিরসে স্বাহা। "অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চে"তি শিখায়ৈ বষট্। "নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ" ইতি কবচায় হুং। "পশ্য মে পার্থ! রূপাণি শতশোঽথ সহস্রশঃ" ইতি নেত্রত্রয়ায় বৌষট্। "নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চে"তি অস্ত্রায় ফট্। শ্রীকৃষ্ণপ্রীত্যর্থে পাঠে বিনিয়োগঃ।

ধ্যানম্।

ওঁ পার্থায় প্রতিবোধিতাং ভগবতা নারায়ণেন স্বয়ং
ব্যাসেন গ্রথিতাং পুরাণমুনিনা মধ্যে মহাভারতে।
অদ্বৈতামৃতবর্ষিণীং ভগবতীমষ্টাদশাধ্যায়িনী-
মম্ব! ত্বামনুসংদধামি ভগবদ্গীতে! ভবদ্বেষিণীম্॥ ১॥

নমোঽস্তু তে ব্যাস বিশালবুদ্ধে ফুল্লারবিন্দায়তপত্রনেত্র ! ।
যেন ত্বয়া ভারততৈলপূর্ণঃ প্রজ্বালিতোজ্ঞানময়ঃ প্রদীপঃ ॥ ২ ॥
প্রপন্নপারিজাতায় তোত্রবেত্রৈকপাণয়ে ।
জ্ঞানমুদ্রায় কৃষ্ণায় গীতামৃতদুহে নমঃ ॥ ৩ ॥
সর্ব্বোপনিষদোগাবোদোগ্ধা গোপালনন্দনঃ ।
পার্থোবৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ ॥ ৪ ॥
বসুদেবসুতং দেবং কংসচাণুরমর্দ্দনম্ ।
দেবকীপরমানন্দং কৃষ্ণং বন্দে জগদ্গুরুম্ ॥ ৫ ॥
ভীষ্মদ্রোণতটা জয়দ্রথজলা গান্ধারনীলোৎপলা
শল্যগ্রাহবতী কৃপেণ বহনী কর্ণেন বেলাকুলা ।
অশ্বত্থামবিকর্ণঘোরমকরা দুর্য্যোধনাবর্ত্তিনী
সোত্তীর্ণা খলু পাণ্ডবৈরণনদী কৈবর্ত্তকঃ কেশবঃ ॥ ৬ ॥
পারাশর্য্যবচঃ-সরোজমমলং গীতার্থগন্ধোৎকটং ।
নানাখ্যানককেসরং হরিকথাসম্বোধনাবোধিতম্ ।
লোকে সজ্জনষট্পদৈরহরহঃ পেপীয়মানং মুদা
ভূয়াদ্ভারতপঙ্কজং কলিমলপ্রধ্বংসিনঃ শ্রেয়সে ॥ ৭ ॥
মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্ ।
যৎকৃপা তমহং বন্দে পরমানন্দমাধবম্ ॥ ৮ ॥
যং ব্রহ্মা বরুণেন্দ্ররুদ্রমরুতঃ স্তুন্বন্তি দিব্যৈঃ স্তবৈ-
র্বেদৈঃ সাঙ্গপদক্রমোপনিষদৈর্গায়ন্তি যং সামগাঃ ।
ধ্যানাবস্থিততদ্গতেন মনসা পশ্যন্তি যং যোগিনো-
যস্যান্তং ন বিদুঃ সুরাসুরগণা দেবায় তস্মৈ নমঃ ॥ ৯ ॥

ইতি ধ্যানম্ ।

—*:০*—

শ্রীমদ্ভগবদ্গীতা।

শাঙ্করভাষ্যম্।

উপক্রমণিকা।

—:০:—

ওঁ নারায়ণঃ পরোঽব্যক্তাদণ্ডমব্যক্তসম্ভবম্।
অণ্ডস্যান্তস্ত্বিমে লোকাঃ সপ্তদ্বীপা চ মেদিনী॥

স ভগবান্ সৃষ্ট্বেদং জগৎ তস্য চ স্থিতিং চিকির্ষুর্ম্মরীচ্যাদীনগ্রে সৃষ্ট্বা প্রজাপতীন্ প্রবৃত্তিলক্ষণং ধর্ম্মং গ্রাহয়ামাস বৈদোক্তং, ততোঽন্যাশ্চ সনকসনন্দাদীনুৎপাদ্য নিবৃত্তিধর্ম্মং জ্ঞানবৈরাগ্যলক্ষণং গ্রাহয়ামাস।

দ্বিবিধোহি বেদোক্তোধর্ম্মঃ, প্রবৃত্তিলক্ষণোনিবৃত্তিলক্ষণশ্চ। তত্রৈকোজগতঃ স্থিতিকারণং প্রাণিনাং সাক্ষাদভ্যুদয়নিঃশ্রেয়সহেতুর্যঃ, স ধর্ম্মঃ ব্রাহ্মণাদ্যৈর্ব্বর্ণিভিরাশ্রমিভিঃ শ্রেয়োঽর্থিভিরনুষ্ঠীয়মানোদীর্ঘেণ কালেন অনুষ্ঠাতৄণাং কামোদ্ভবাদ্ধীয়মানবিবেকজ্ঞানহেতুকেনাধর্ম্মেণাভিভূয়মানে ধর্ম্মে প্রবর্দ্ধমানে চাধর্ম্মে জগতঃ স্থিতিং পরিপালয়িষুঃ স আদিকর্ত্তা নারায়ণাখ্যোবিষ্ণুর্ভৌমস্য ব্রহ্মণো ব্রাহ্মণত্বস্য রক্ষণার্থং দেবক্যাং বসুদেবাদংশেন কৃষ্ণঃ কিল সম্বভূব, ব্রাহ্মণত্বস্য হি রক্ষণেন রক্ষিতঃ স্যাদ্বৈদিকোধর্ম্মঃ তদধীনত্বাদ্বর্ণাশ্রমভেদানাং।

স চ ভগবান্ জ্ঞানৈশ্বর্য্যশক্তিবলবীর্য্যতেজোভিঃ সদা সম্পন্নস্ত্রিগুণাত্মিকাং বৈষ্ণবীং স্বাং মায়াং মূলপ্রকৃতিং বশীকৃত্যাজোঽব্যয়োভূতানামীশ্বরোনিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবোঽপি সন্ স্বমায়য়া দেহবানিব জাত ইব লোকানুগ্রহং কুর্ব্বন্ লক্ষ্যতে, স্বপ্রয়োজনাভাবেঽপি ভূতানুজিঘৃক্ষয়া বৈদিকং হি ধর্ম্মদ্বয়মর্জ্জুনায় শোকমোহমহোদধৌ নিমগ্নায়োপদিদেশ গুণাধিকৈর্হি গৃহীতোঽনুষ্ঠীয়মানশ্চ ধর্ম্মঃ প্রচয়ং গমিষ্যতীতি। তং ধর্ম্মং ভগবতা যথোপদিষ্টং বেদব্যাসঃ সর্ব্বজ্ঞোভগবান্ গীতাখ্যৈঃ সপ্তভিঃ শ্লোকশতৈরুপনিববন্ধ।

তদিদং গীতাশাস্ত্রং সমস্তবেদার্থসারসংগ্রহভূতং দুর্ব্বিজ্ঞেয়ার্থং, তদর্থাবিষ্করণায়ানেকৈর্ব্বিবৃতপদপদার্থবাক্যার্থন্যায়মপ্যত্যন্তবিরুদ্ধানেকার্থত্বেন লৌকিকৈর্গৃহ্যমাণমুপলভ্যাহং বিবেকতোঽর্থনির্ণয়ণার্থং সংক্ষেপতোবিবরণং করিষ্যামি।

তস্যাস্য গীতাশাস্ত্রস্য সংক্ষেপতঃ প্রয়োজনং পরং নিঃশ্রেয়সং সহেতুকস্য সংসারস্যাত্যন্তোপরমলক্ষণং, তচ্চ সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বকাদাত্মজ্ঞাননিষ্ঠারূপাদ্ধর্ম্মাদ্ভবতি, তমর্থমেব গীতার্থধর্ম্মমুদ্দিশ্য

ভগবতৈবোক্তং স হি ধর্ম্মঃ সুপর্য্যাপ্তোব্রহ্মণঃ পদবেদনং ইত্যনুগীতাসু কিঞ্চান্যদপি তত্রৈবোক্তং নৈব ধর্ম্মী কিন চাধর্ম্মী ন চৈব হি শুভাশুভী। যঃ স্যাদেকাসনে লীনস্তূষ্ণীং কিঞ্চিদচিন্তয়ন্॥ জ্ঞানং সন্ন্যাসলক্ষণমিতি চ। ইহাপি চীস্তে উক্তমর্জ্জুনায় সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজেতি। অভ্যুদয়ার্থোঽপি যঃ প্রবৃত্তিলক্ষণোধর্ম্মোবর্ণাশ্রমাংশ্চোদ্দিশ্য বিহিতঃ স চ দেবাদিস্থানপ্রাপ্তিহেতুরপি সন্ ঈশ্বরার্পণবুদ্ধ্যানুষ্ঠীয়মানঃ সত্ত্বশুদ্ধয়ে ভবতি ফলাভিসন্ধিবর্জ্জিতঃ, শুদ্ধসত্ত্বস্য চ জ্ঞাননিষ্ঠাযোগ্যতাপ্রাপ্তিদ্বারেণ জ্ঞানোৎপত্তিহেতুত্বেন চ নিঃশ্রেয়সহেতুত্বমপি প্রতিপদ্যতে তথা চেমমর্থমভিসন্ধায় বক্ষ্যতি, ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি যতচিত্তা জিতেন্দ্রিয়াঃ। যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি, সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে॥ ইতি।

ইমং দ্বিপ্রকারং ধর্ম্মং নিঃশ্রেয়সপ্রয়োজনং পরমার্থত্বঞ্চ বাসুদেবাখ্যং পরব্রহ্মাভিধেয়ভূতং বিশেষতোঽভিব্যঞ্জয়ন্ বিশিষ্টপ্রয়োজনসম্বন্ধাভিধেয়বদ্গীতাশাস্ত্রং যতস্তদর্থবিজ্ঞানেন সমস্তপুরুষার্থসিদ্ধির-তত্তদ্বিবরণে যত্নঃ ক্রিয়তে ময়া, অত্র ধৃতরাষ্ট্র উবাচ—ধর্ম্মক্ষেত্র ইত্যাদি।

——:*:——

শ্রীধরস্বামকৃতটীকা।

উপক্রমণিকা।

শেষাশেষমুখব্যাখ্যাচাতুর্য্যস্যৈকবক্ত্রতঃ। দধানমদ্ভুতং বন্দে পরমানন্দমাধবং॥ ১॥ শ্রীমাধবং প্রণম্যোমাধবং বিশ্বেশমাদরাৎ। তদ্ভক্তিযন্ত্রিতঃ কুর্ব্বে গীতাব্যাখ্যাং সুবোধিনীং॥ ২॥ ভাষ্যকারমতং সম্যক্ তদ্ব্যাখ্যাতুর্গিরস্তথা। যথামতি সমালোক্য গীতাব্যাখ্যাং সমারভে॥ ৩॥ গীতা ব্যাখ্যায়তে যস্যাঃ পাঠমাত্রাদযত্নতঃ। সেয়ং সুবোধিনী টীকা সদা ধ্যেয়া মনীষিভিঃ॥ ৪॥

ইহ খলু সকললোকহিতাবতারঃ পরমকারুণিকোভগবান্ দেবকীনন্দনস্তত্ত্বাজ্ঞানবিজৃম্ভিতশোকমোহভ্রংশিতবিবেকতয়া নিজধর্ম্মপরিত্যাগপূর্ব্বকপরধর্ম্মাভিসন্ধিনমর্জ্জুনং ধর্ম্মজ্ঞানরহস্যোপদেশপ্লবেন তস্মাচ্ছোকমোহসাগরাদুদ্দধার। তমেব ভগবদুপদিষ্টমর্থং কৃষ্ণদ্বৈপায়নঃ সপ্তভিঃ শ্লোকশতৈরুপনিববন্ধ। তত্র চ প্রায়শঃ শ্রীকৃষ্ণমুখাদ্বিনিঃসৃতানেব শ্লোকানলিখৎ কাংশ্চিৎ তৎসঙ্গতয়ে স্বয়ঞ্চ ব্যরচয়ৎ, যথোক্তং গীতামাহাত্ম্যে গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ। যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্বিনিঃসৃতেত্যাদি। অত্র তাবদ্ধর্ম্মক্ষেত্র ইত্যাদিনা বিষীদন্নিদমব্রবীদিত্যন্তেন গ্রন্থেন শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদপ্রস্তাবায় কথা নিরূপ্যতে।

মধুসূদনসরস্বতীকৃতটীকা।

উপক্রমণিকা।

ওঁ নমোনারায়ণায়। ভগবৎপাদভাষ্যার্থমালোচ্যাতিপ্রযত্নতঃ। প্রায়ঃ প্রত্যক্ষরং কুর্ব্বে গীতাগূঢ়ার্থদীপিকাং॥ ১॥ সহেতুকস্য সংসারস্যাত্যন্তোপরমাত্মকং। পরং নিঃশ্রেয়সং গীতাশাস্ত্রং

স্যেহক্তং প্রয়োজনং ॥ ২ ॥ সচ্চিদানন্দরূপং তৎপূর্ণং বিষ্ণোঃ পরং পদং। যৎপ্রাপ্তয়ে সমারব্ধা-বেদাঃ কাণ্ডত্রয়াত্মকাঃ ॥ ৩ ॥ কর্ম্মোপাস্তিস্তথা জ্ঞানমিতি কাণ্ডত্রয়ং ক্রমাৎ। তদ্রূপাষ্টাদশাধ্যায়ৈঃ গীতাকাণ্ডত্রয়াত্মিকা ॥ ৪ ॥ একমেকেন ষট্‌কেন কাণ্ডমাত্রোপলক্ষয়েৎ কর্ম্মনিষ্ঠাজ্ঞাননিষ্ঠে কথিতে প্রথমান্ত্যয়োঃ ॥ ৫ ॥ যতঃ সমুচ্চয়োনাস্তি তয়োরতিবিরোধতঃ। ভগবদ্ভক্তিনিষ্ঠা তু মধ্যমে পরিকীর্ত্তিতা ॥ ৬ ॥ উভয়ানুগতা সা হি সর্ব্ববিঘ্নাপনোদিনী। কর্ম্মমিশ্রা চ শুদ্ধা চ জ্ঞানমিশ্রা চ সা ত্রিধা ॥ ৭ ॥ তত্র তু প্রথমে কাণ্ডে কর্ম্ম-তত্ত্যাগবর্ত্মনা। ত্বংপদার্থোবিশুদ্ধাত্মা সোপপত্তির্নিরূপ্যতে ॥ ৮ ॥ দ্বিতীয়ে ভগবদ্ভক্তিনিষ্ঠাবর্ণনবর্ত্মনা। ভগবান্ পরমানন্দস্তৎপদার্থোঽবধার্য্যতে ॥ ৯ ॥ তৃতীয়ে তু তয়োরৈক্যং বাক্যার্থোবর্ণ্যতে স্ফুটং। এবমপ্যত্র কাণ্ডানাং সম্বন্ধোঽস্তি পরস্পরং ॥ ১০ ॥ প্রত্যধ্যায়ং বিশেষস্তু তত্র তত্রৈব বক্ষ্যতে। মুক্তিসাধনপর্ব্বেদং শাস্ত্রার্থত্বেন কথ্যতে ॥ ১১ ॥ নিষ্কাম-কর্ম্মানুষ্ঠানং ত্যাগাৎ কাম্যনিষিদ্ধয়োঃ। তত্রাপি পরমোধর্ম্মোজপস্তত্যাদিকং হরেঃ ॥ ১২ ॥ ক্ষীণ-পাপস্য চিত্তস্য বিবেকযোগ্যতা যদা। নিত্যানিত্যবিবেকস্তু জায়তে সুদৃঢ়স্তদা ॥ ১৩ ॥ ইহামুত্রার্থ-বৈরাগ্যং বশীকারাভিধং ক্রমাৎ। ততঃ শমাদিসম্পত্ত্যা সন্ন্যাসোনিষ্ঠিতোভবেৎ ॥ ১৪ ॥ এবং সর্ব্ব-পরিত্যাগান্মুমুক্ষা জায়তে দৃঢ়া। ততোগুরূপসদনমুপদেশগ্রহস্ততঃ ॥ ১৫ ॥ ততঃ সন্দেহহানায় বেদান্তশ্রবণাদিকং। সর্ব্বমুত্তরমীমাংসাশাস্ত্রমত্রোপযুজ্যতে ॥ ১৬ ॥ ততস্তৎপরিপাকেণ নিদিধ্যাসন-নিষ্ঠতা। যোগশাস্ত্রস্তু সম্পূর্ণমুপক্ষীণং ভবেদিহ ॥ ১৭ ॥ ক্ষীণদোষে ততশ্চিত্তে বাক্যাত্তত্ত্বমতির্ভবেৎ। সাক্ষাৎকারোনির্ব্বিকল্পঃ শব্দাদেবোপজায়তে ॥ ১৮ ॥ অবিদ্যাবিনিবৃত্তিস্তু তত্ত্বজ্ঞানোদয়ে ভবেৎ। তত আবরণে ক্ষীণে ক্ষীয়েতে ভ্রমসংশয়ৌ ॥ ১৯ ॥ অনারব্ধানি কর্ম্মাণি নশ্যন্ত্যেব সমন্ততঃ। ন ত্বাগামীনি জায়ন্তে তত্ত্বজ্ঞানপ্রভাবতঃ ॥ ২০ ॥ প্রারব্ধকর্ম্মবিক্ষেপাদ্বাসনা তু ন নশ্যতি। সা সর্ব্বতো-বলবতা সংযমেনোপশাম্যতি ॥ ২১ ॥ সংযমোধারণা ধ্যানং সমাধিরিতি যত্রিকং। যমাদি-পঞ্চকং পূর্ব্বং তদর্থমুপযুজ্যতে ॥ ২২ ॥ ঈশ্বরপ্রণিধানাত্তু সমাধিঃ সিধ্যতি দ্রুতং। ততোভবেন্ম-নোনাশোবাসনাক্ষয় এব চ ॥ ২৩ ॥ তত্ত্বজ্ঞানং মনোনাশোবাসনাক্ষয় ইত্যপি। যুগপত্রিতয়াভ্যাসা-জ্জীবন্মুক্তির্দৃঢ়া ভবেৎ ॥ ২৪ ॥ বিদ্বৎসন্ন্যাসকথনমেতদর্থং শ্রুতৌ কৃতং। প্রাগসিদ্ধোয এবাংশোযত্নঃ স্যাত্তস্য সাধনে ॥ ২৫ ॥ নিরুদ্ধে চেতসি পুরা সবিকল্পসমাধিনা। নির্ব্বিকল্পসমাধিস্তু ভবেদত্র ত্রিভূমিকঃ ॥ ২৬ ॥ ব্যুত্তিষ্ঠতে স্বতস্ত্বাদ্যে দ্বিতীয়ে পরবোধিতঃ। অন্তে ব্যুত্তিষ্ঠতে নৈব সদা ভবতি তন্ময়ঃ ॥ ২৭ ॥ এবম্ভূতোব্রাহ্মণঃ স্যাদ্বরিষ্ঠোব্রহ্মবাদিনাং। গুণাতীতঃ স্থিতপ্রজ্ঞোবিষ্ণুভক্তশ্চ কথ্যতে ॥ ২৮ ॥ অতিবর্ণাশ্রমী জীবন্মুক্ত আত্মরতিস্তথা। এতস্য কৃতকৃত্যত্বাৎ শাস্ত্রমস্মান্নিবর্ত্ততে ॥ ২৯ ॥ যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥ ৩০ ॥ ইত্যাদি শ্রুতিমানেন কায়েন মনসা গিরা। সর্ব্বাবস্থাসু ভগবদ্ভক্তিরত্রোপযুজ্যতে ॥ ৩১ ॥ পূর্ব্বভূমৌ কৃতা ভক্তি-রুত্তরাং ভূমিমানয়েৎ। অন্যথা বিঘ্নবাহুল্যাৎ ফলসিদ্ধিঃ সুদুর্ল্লভা ॥ ৩২ ॥ পূর্ব্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপি সঃ। অনেকজন্মসংসিদ্ধ ইত্যাদি চ বচোহরেঃ ॥ ৩৩ ॥ যদি প্রাগ্‌ভবসংস্কারস্যাচিন্ত্য-ত্বাত্তু কশ্চন। প্রাগেব কৃতকৃত্যঃ স্যাদাকাশফলপাতবৎ ॥ ৩৪ ॥ ন তং প্রতি কৃতার্থত্বাচ্ছাস্ত্রমারব্ধুমি-ষ্যতে। প্রাক্‌সিদ্ধসাধনাভ্যাসা দুর্জ্ঞেয়া ভগবৎকৃপা ॥ ৩৫ ॥ এবং প্রাগ্‌ভূমিসিদ্ধাবপ্যন্তেবোত্তরভূময়ে। বিধেয়া ভগবদ্ভক্তিস্তাং বিনা সা ন সিধ্যতি ॥ ৩৬ ॥ জীবন্মুক্তিদশায়াস্তু ন ভক্তেঃ ফলকল্পনা। অদ্বেষ্টৃ-

স্বাদিবত্তেষাং স্বভাবোভজনং হরেঃ ॥ ৩৭ ॥ আত্মারামাশ্চ মুনয়োনির্গ্রন্থা অপ্যুরুক্রমে ।ঃ কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণোহরিঃ ॥ ৩৮ ॥ তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্ব্বিশিষ্যতে। ইত্যাদিবচনাৎ প্রেম-ভক্তোঽয়ং মুখ্য উচ্যতে ॥ ৩৯॥ এতৎ সর্ব্বং ভগবতা গীতাশাস্ত্রে প্রকাশিতং। অতোব্যাখ্যাতুমেতন্মে মন উৎসহতে ভৃশং ॥ ৪০ ॥ নিষ্কামকর্ম্মানুষ্ঠানং মূলং মোক্ষস্য কীর্ত্তিতং। শোকাদিরাসুরঃ পাপ্মা তস্য চ প্রতিবন্ধকঃ ॥ ৪১ ॥ যতঃ স্বধর্ম্মবিভ্রংশঃ প্রতিষিদ্ধস্য সেবনং। ফলাভিসন্ধিপূর্ব্বা বা সাহঙ্কারা ক্রিয়া ভবেৎ ॥ ৪২ ॥ আবিষ্টঃ পুরুষোনিত্যমেবমাসুরপাপ্মভিঃ। পুমর্থলাভাযোগ্যঃ সন্ লভতে দুঃখসন্ত-তিং ॥ ৪৩ ॥ দুঃখং স্বভাবতোদ্বেষ্যং সর্ব্বেষাং প্রাণিনামিহ। অতস্তৎসাধনং ত্যাজ্যং শোকমোহাদিকুং সদা ॥ ৪৪॥ অনাদিভবসন্তাননিগূ (রূ) ঢ়দুঃখকারণং। দুস্ত্যজং শোকমোহাদি কেনোপায়েন হীয়-তাং ॥ ৪৫ ॥ এবমাকাঙ্ক্ষয়াবিষ্টং পুরুষার্থোন্মুখং নরং। বুবোধয়িষুরাহেদং ভগবান্ শাস্ত্রমুত্তমং ॥ ৪৬ ॥ তত্রাশোচ্যানন্বশোচস্ত্বমিত্যাদিনা শোকমোহাদিসর্ব্বাসুরপাপ্মনিবৃত্ত্যুপায়োপদেশেন স্বধর্ম্মানুষ্ঠানাৎ পুরুষার্থঃ প্রাপ্যতামিতি ভগবদুপদেশঃ সর্ব্বসাধারণঃ, ভগবদর্জ্জুনসম্বাদরূপা চাখ্যায়িকা বিদ্যাস্তুত্যর্থা জনকযাজ্ঞবল্ক্যসংবাদাদিবদুপনিষৎসু। কথং প্রসিদ্ধমহানুভাবোঽপ্যর্জ্জুনোরাজ্যগুরুপুত্রমিত্রাদিষ্বহ-মেষাং মমৈতইত্যেবম্প্রত্যয়নিমিত্তস্নেহনিমিত্তাভ্যাং শোকমোহাভ্যামভিভূতবিবেকবিজ্ঞানঃ স্বত এব ক্ষাত্রধর্ম্মে যুদ্ধে প্রবৃত্তোঽপি তস্মাদ্যুদ্ধাদুপররাম, পরধর্ম্মঞ্চ ভিক্ষাজীবনাদি ক্ষত্রিয়ং প্রতি প্রতিষিদ্ধং কর্ত্তুং প্রববৃতে, তথা চ মহত্যনর্থে মগ্নোঽভূৎ ভগবদুপদেশাচ্চ ইমাং বিদ্যাং লব্ধ্বা শোকমোহাব-পনীয় পুনঃ স্বধর্ম্মে প্রবৃত্তঃ কৃতকৃত্যোবভূবেতি প্রশস্ততরেয়ং মহাপ্রয়োজনা বিদ্যেতি স্তূয়তে। অর্জ্জুনাপদেশেন চোপদেশাধিকারী দর্শিতঃ। তথা চ ব্যাখ্যাস্যতে। স্বধর্ম্মপ্রবৃত্তৌ জাতায়ামপি তৎপ্রচ্যুতিহেতুভূতৌ শোকমোহৌ—"কথং ভীষ্মমহং সংখ্যে" ইত্যাদিনার্জ্জুনেন দর্শিতৌ। অর্জ্জুনস্য যুদ্ধাখ্যে স্বধর্ম্মে বিনাপি বিবেকং কিন্নিমিত্তাপ্রবৃত্তিরিতি—"দৃষ্ট্বা তু পাণ্ডবানীকম্" ইত্যাদিনা পরসৈন্যচেষ্টিতং তন্নিমিত্তমুক্তং, তদুপোদ্ঘাতত্বেন ধৃতরাষ্ট্রপ্রশ্নঃ সঞ্জয়ং প্রতি "ধর্ম্মক্ষেত্র" ইত্যাদিনা শ্লোকেন। অত্র ধৃতরাষ্ট্র উবাচেতি বৈশম্পায়নবাক্যং জনমেজয়ম্প্রতি। পাণ্ডবানাং জয়কারণং বহুবিধং পূর্ব্বমাকর্ণ্য স্বপুত্ররাজ্যভ্রংশাদ্ভীতোধৃতরাষ্ট্রঃ পপ্রচ্ছ স্বপুত্রজয়কারণমাশংসন্ ॥

—:০:—

শ্রীমদ্ভগবদ্গীতা।

প্রথমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।—ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয়! ॥ ১ ॥

সরলার্থপ্রবোধিনী। ধৃতরাষ্ট্র উবাচ। হে সঞ্জয়! ধর্ম্মক্ষেত্রে (ধর্ম্মভূমৌ) কুরুক্ষেত্রে (এতন্নামকস্থানে) যুযুৎসবঃ (যোদ্ধুমিচ্ছবোঽপি সন্তঃ) সমবেতাঃ (সম্মিলিতাঃ) মামকাঃ (মদীয়া দুর্য্যোধনাদয়ঃ) পাণ্ডবাশ্চ এব (যুধিষ্ঠিরাদয়ঃ) কিং অকুর্ব্বত (কৃতবন্তঃ) (ইতি সঞ্জয়সমীপে ধৃতরাষ্ট্রপ্রশ্নঃ) ॥ ১ ॥

স্বামিকৃতটীকা। অত্র তাবদ্ধর্ম্মক্ষেত্র ইত্যাদিনা বিষীদন্নিদমব্রবীদিত্যন্তেন গ্রন্থেন কৃষ্ণার্জ্জুনসম্বাদপ্রস্তাবায় কথা নিরূপ্যতে,—ধৃতরাষ্ট্র উবাচেতি। ধর্ম্মক্ষেত্রে ইতি। ভোঃ সঞ্জয়! ধর্ম্মভূমৌ কুরুক্ষেত্রে। ধর্ম্মক্ষেত্র ইতি কুরুক্ষেত্রবিশেষণং, এষামাদিপুরুষঃ কশ্চিৎ কুরুনামা বভূব, তস্য কুরোর্ধর্ম্মস্থানে মামকাঃ মৎপুত্রাঃ পাণ্ডুপুত্রাশ্চ যুযুৎসবোযোদ্ধুমিচ্ছন্তঃ সমবেতাঃ মিলিতাঃ সন্তঃ কিমকুর্ব্বত কিং কৃতবন্তঃ ॥ ১ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। ধৃতরাষ্ট্র উবাচ। পূর্ব্বং যুযুৎসবোযোদ্ধুমিচ্ছবোঽপি সন্তঃ কুরুক্ষেত্রে সমবেতাঃ সঙ্গতাঃ মামকা মদীয়া দুর্য্যোধনাদয়ঃ পাণ্ডবাশ্চ যুধিষ্ঠিরাদয়ঃ কিমকুর্ব্বত কিং কৃতবন্তঃ। কিং পূর্ব্বোদ্ভূতযুযুৎসানুসারেণ যুদ্ধমেব কৃতবন্তঃ, উত কেনচিন্নিমিত্তেন যুযুৎসানিবৃত্ত্যাঽন্যদেব কিং কৃতবন্তঃ। ভীমার্জ্জুনাদিবীরপুরুষনিমিত্তং দৃষ্টভয়ং যুযুৎসানিবৃত্তিকারণং প্রসিদ্ধমেব, অদৃষ্টভয়মপি দর্শয়িতুমাহ ধর্ম্মক্ষেত্র ইতি। ধর্ম্মস্য পূর্ব্বমবিদ্যমানস্যোৎপত্তের্বিদ্যমানস্য চ বৃদ্ধের্নিমিত্তং, শস্যস্যেব ক্ষেত্রং যৎ কুরুক্ষেত্রং সর্ব্বশ্রুতিস্মৃতিপ্রসিদ্ধং। বৃহস্পতিরুবাচ যাজ্ঞবল্ক্যং—"যদনু-কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনং" ইতি জাবালশ্রুতেঃ, "কুরুক্ষেত্রং বৈ দেবযজনং" ইতি শতপথশ্রুতেশ্চ। তস্মিন্ গতাঃ পাণ্ডবাঃ পূর্ব্বমেব ধার্ম্মিকা যদি পক্ষদ্বয়হিংসা-নিমিত্তাদধর্ম্মাদ্ভীতা নিবর্ত্তেরন্, ততঃ প্রাপ্তরাজ্যা এব মৎপুত্রাঃ, অথবা ধর্ম্মক্ষেত্র-মাহাত্ম্যেন পাপানামপি মৎপুত্রাণাং কদাচিচ্চিত্তপ্রসাদঃ স্যাত্তদা চ তেঽনুতপ্তাঃ প্রাক্ কপটোপাত্তং রাজ্যং পাণ্ডবেভ্যোযদি দদ্যুস্তর্হি বিনাপি যুদ্ধং হতা এবেতি স্বপুত্ররাজ্যলাভে পাণ্ডবরাজ্যালাভে চ দৃঢ়তরমুপায়মপশ্যতো-মহানুদ্বেগ এব প্রশ্নবীজং। সঞ্জয়েতি চ সম্বোধনং রাগদ্বেষাদিদোষান্ সম্যগ্জিতবানসীতি কৃত্বা

নির্ব্ব্যাজমেব কথনীয়ং ত্বয়েতি সূচনার্থং। মামকাঃ কিমকুর্ব্বতেত্যেতাবতৈব প্রশ্ননির্ব্বাহে পাণ্ডবাশ্চেতি পৃথক্ নির্দ্দিশন্ পাণ্ডবেষু মমকারাভাবপ্রদর্শনেন তদ্দ্রোহমভিব্যনক্তি ॥ ১ ॥

বঙ্গানুবাদ। হে সঞ্জয়! পরস্পর সমরেচ্ছু, আমার পুত্রগণ এবং পাণ্ডুসন্ততিগণ ধর্ম্মভূমি কুরুক্ষেত্রে সম্মিলিত হইয়া কি করিতেছেন? অর্থাৎ যুদ্ধেই কৃতনিশ্চয় হইলেন, না, ধর্ম্মভূমির প্রভাবে * ধর্ম্মবৃত্তির উত্তেজনায়, পাপসঙ্কুল যুদ্ধে প্রতিনিবৃত্ত হইলেন, অথবা কিরূপ উপক্রম করিতেছেন? ॥ ১ ॥

---

* কুরুক্ষেত্র চিরপ্রসিদ্ধ তীর্থক্ষেত্র, যথা,—বৃহস্পতিরুবাচ যাজ্ঞবল্ক্যং "যদন্তু কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনং" ইতি জাবালশ্রুতেঃ।

সঞ্জয় উবাচ।—দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা।
আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমব্রবীৎ ॥ ২ ॥

সং, প্রং। সঞ্জয় উবাচ। পাণ্ডবানীকং (পাণ্ডবসৈন্যং) ব্যূঢ়ং (ব্যূহরচনয়া স্থাপিতং) দৃষ্ট্বা তু রাজা দুর্য্যোধনঃ আচার্য্যং (দ্রোণং) উপসঙ্গম্য (দ্রোণসমীপং গত্বা) বচনং (বক্ষ্যমাণং বাক্যং) অব্রবীৎ ॥ ২ ॥

স্বামিকৃতটীকা। সঞ্জয় উবাচ। দৃষ্ট্বেত্যাদি। পাণ্ডবানামনীকং সৈন্যং ব্যূঢ়ং ব্যূহরচনয়া অধিষ্ঠিতং দৃষ্ট্বা দ্রোণাচার্য্যসমীপং গত্বা রাজা দুর্য্যোধনোবক্ষ্যমাণং বচনমুবাচ ॥ ২ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। এবং কৃপালোকব্যবহারনেত্রাভ্যামপি হীনতয়া মহতোঽন্ধস্য পুত্রস্নেহমাত্রাভিনিষ্ঠস্য ধৃতরাষ্ট্রস্য প্রশ্নে বিদিতাভিপ্রায়স্য সঞ্জয়স্যাতিধার্ম্মিকস্য প্রতিবচনমবতারয়তি বৈশম্পায়নঃ। তত্র পাণ্ডবানাং দৃষ্টভয়সম্ভাবনাপি নাস্তি, অদৃষ্টভয়ন্তু ভ্রান্ত্যা অর্জ্জুনস্যোৎপন্নং ভগবতোপশমিতমিতি পাণ্ডবানামুৎকর্ষস্তুশব্দেন দ্যোত্যতে। স্বপুত্রকৃতরাজ্যসমর্পণশঙ্কয়া তু মা গ্লাসীরিতি রাজানং তোষয়িতুং দুর্য্যোধনদৌষ্ট্যমেব প্রথমতোবর্ণয়তি দৃষ্ট্বেতি। পাণ্ডবসুতানামনীকং সৈন্যং ব্যূঢ়ং ব্যূহরচনয়া ধৃষ্টদ্যুম্নাদিভিঃ স্থাপিতং দৃষ্ট্বা চাক্ষুষজ্ঞানেন বিষয়ীকৃত্য তদা সংগ্রামোদ্যমকালে আচার্য্যং দ্রোণনামানং ধনুর্ব্বিদ্যাসম্প্রদায়প্রবর্ত্তয়িতারং উপসঙ্গম্য স্বয়মেব তৎসমীপং গত্বা, ন তু স্বসমীপমাহূয়। এতেন পাণ্ডবসৈন্যদর্শনজনিতং ভয়ং সূচ্যতে। ভয়েন স্বরক্ষার্থং তৎসমীপগমনেঽপি আচার্য্যগৌরবব্যাজেন ভয়সঙ্গোপনং রাজনীতিকুশলত্বাদিত্যাহ রাজেতি। আচার্য্যং দুর্য্যোধনোঽব্রবীদিত্যেতাবতৈব নির্ব্বাহে বচনপদং সংক্ষিপ্তবহ্বর্থত্বাদিবহুগুণবিশিষ্টে বাক্যবিশেষে সংক্রমিতং, বচনমাত্রমেবাব্রবীৎ, ন তু কিঞ্চিদর্থমিতি বা ॥ ২ ॥

বং, অং। সঞ্জয় বলিলেন, মহারাজ! সেখানে সকলে সমবেত হইলে, আপনার পুত্র রাজা দুর্য্যোধন পাণ্ডবসৈন্যদলকে ব্যূহরচনায় অবস্থিত দেখিয়া, দ্রোণাচার্য্যের নিকট গমনপূর্ব্বক বলিলেন— ॥ ২ ॥

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য ! মহতীং চমূং।
ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥ ৩ ॥

সং, প্রং। হে আচার্য্য ! তব শিষ্যেণ ধীমতা দ্রুপদপুত্রেণ (ধৃষ্টদ্যুম্নেন) ব্যূঢ়াং পাণ্ডুপুত্রাণাং এতাং মহতীং চমূং (সেনাং) পশ্য ॥ ৩ ॥

স্বামিকৃতটীকা। তদেব বচনমাহ পশ্যৈতামিত্যাদিভি র্নবভিঃ শ্লোকৈঃ, পশ্যেত্যাদি। হে আচার্য্য ! পাণ্ডবানাং মহতীং বিততাং চমূং সেনাং পশ্য, তব শিষ্যেণ দ্রুপদপুত্রেণ ধৃষ্টদ্যুম্নেন ব্যূঢ়াং ব্যূহরচনয়াঽধিষ্ঠিতাম্ ॥ ৩ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। তদেব বাক্যবিশেষরূপং বচনমুদাহরতি পশ্যৈতামিত্যাদিনা। তস্য সঞ্জনয়ন্ হর্ষমিত্যতঃ প্রাক্তনেন। পাণ্ডবেষু প্রিয়শিষ্যেষু অতিস্নিগ্ধহৃদয়ত্বাদাচার্য্যো যুদ্ধং ন করিষ্যতীতি সম্ভাব্য তস্মিন্ পরেষামবজ্ঞাং বিজ্ঞাপয়ন্ তস্য ক্রোধাতিশয়মুৎপাদয়িতুমাহ।—এতামত্যাসন্নত্বেন ভবদ্বিধানপি মহানুভাবানবগণয্য ভয়শূন্যত্বেন স্থিতাং পাণ্ডুপুত্রাণাং চমূং মহতীমনেকাক্ষৌহিণীসহিতত্বেন দুর্নিবারাং পশ্য অপরোক্ষীকুরু। প্রার্থনায়াং লোট্। অহং শিষ্যত্বাৎ ত্বামাচার্য্যং প্রার্থয়ামীত্যাহ আচার্য্যেতি। দৃষ্ট্বা চ তৎকৃতামবজ্ঞাং স্বয়মেব জ্ঞাস্যসীতি ভাবঃ। ননু তদীয়াঽবজ্ঞা সোঢ়ব্যৈবাস্মাভিঃ প্রতিকর্ত্তুমশক্যত্বাদিত্যাশঙ্ক্য তন্নিরসনং তব সুকরমেবেত্যাহ ব্যূঢ়াং তব শিষ্যেণেতি। শিষ্যাপেক্ষয়া গুরোরাধিক্যং সর্ব্বসিদ্ধমেব। ব্যূঢ়াং তু ধৃষ্টদ্যুম্নেনেত্যনুক্ত্বা দ্রুপদপুত্রেণেতি কথনং দ্রুপদপূর্ব্ববৈরসূচনেন ক্রোধোদ্দীপনার্থং। ধীমতেতি পদমনুপেক্ষণীয়ত্বসূচনার্থং। ব্যাসঙ্গান্তরনিরাকরণেন ত্বরাতিশয়ার্থং পশ্যেতি প্রার্থনং। অন্যচ্চ,—হে পাণ্ডুপুত্রাণামাচার্য্য, ন তু মম, তেষু স্নেহাতিশয়াৎ। দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণেতি ত্বদ্বধার্থমুৎপন্নোঽপি ত্বয়াঽধ্যাপিত ইতি তব মৌঢ্যমেব মমানর্থকারণমিতি সূচয়তি, শত্রোরপি সকাশাত্তদ্বধোপায়ভূতা বিদ্যা গৃহীতেতি তস্য ধীমত্ত্বং, অতএব তচ্চমূদর্শনেনানন্দস্তবৈব ভবিষ্যতি ভ্রান্তত্বাৎ, নান্যস্য কস্যচিদপি যং প্রতীয়ং প্রদর্শনীয়েতি ত্বমেবৈতাং পশ্যেত্যাচার্য্যং প্রতি তৎ সৈন্যং প্রদর্শয়ন্নিগূঢ়ং দ্বেষং দ্যোতয়তি। এবঞ্চ যস্য ধর্ম্মক্ষেত্রং প্রাপ্যাপীদৃশী দুষ্টবুদ্ধিস্তস্য কাঽনুতাপাশঙ্কা সর্ব্বাভিশঙ্কিত্বেনাতিদুষ্টাশয়ত্বাদিতি ভাবঃ ॥ ৩ ॥

বং, অং। আচার্য্যদেব ! ঐ দেখুন, পাণ্ডবদিগের মহান্ সৈন্যরাশি, আপনার শিষ্য ধৃষ্টদ্যুম্নকর্ত্তৃক ব্যূহভাবে সংস্থাপিত হইয়া অবস্থিতি করিতেছে ॥ ৩ ॥

অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি।
যুযুধানোবিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥ ৪ ॥
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫ ॥
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রোদ্রৌপদেয়াশ্চ সর্ব্বএব মহারথাঃ ॥ ৬ ॥

সং, প্রং। অত্র (সেনায়াং) শূরাঃ মহেষ্বাসাঃ (মহাধনুর্ধারিণঃ) যুধি (যুদ্ধে) ভীমার্জ্জুনসমাঃ,

মহারথঃ যুযুধানঃ (সাত্যকিঃ), বিরাটশ্চ, দ্রুপদশ্চ, বীর্য্যবান্ ধৃষ্টকেতুঃ, চেকিতানঃ, কাশীরাজশ্চ, নরপুঙ্গবঃ (মনুষ্যশ্রেষ্ঠঃ) পুরুজিৎ, কুন্তিভোজশ্চ, শৈব্যশ্চ, বিক্রান্তঃ (পরাক্রমশালী) যুধামন্যুঃ, বীর্য্যবান্ উত্তমৌজাঃ চ, সৌভদ্রঃ (অভিমন্যুঃ) দ্রৌপদেয়াঃ (দ্রৌপদীপুত্রাঃ) চ (উক্তা এতে) সর্ব্বে মহারথাঃ। (মহারথলক্ষণন্তু মধুসূদনসরস্বতীকৃতটীকায়াং দ্রষ্টব্যং) ॥ ৪—৬ ॥

স্বামিকৃতটীকা। অত্রেত্যাদি। অত্রাস্যাং চম্বাং। ইষবোবাণা অস্যন্তে ক্ষিপ্যন্তে এভিরিতি ইষ্বাসা ধনূংসি, মহান্ত ইষ্বাসা যেষাং তে মহেষ্বাসাঃ, ভীমার্জ্জুনৌ তাবদত্রাতিপ্রসিদ্ধৌ যোদ্ধারৌ, তাভ্যাং সমাঃ শূরাঃ সন্তি। তানেব নামভির্নির্দ্দিশতি যুযুধান ইতি। যুযুধানঃ সাত্যকিঃ। কিঞ্চ ধৃষ্টকেতুরিতি। চেকিতানোনাম একোরাজা। নরপুঙ্গবঃ নরশ্রেষ্ঠঃ শৈব্যঃ। যুধামন্যুরিতি। বিক্রান্তোযুধামন্যুর্নামৈকঃ। সৌভদ্রোঽভিমন্যুঃ, দ্রৌপদেয়াঃ দ্রৌপদ্যাং পঞ্চভ্যোযুধিষ্ঠিরাদিভ্যোজাতাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ। মহারথাদীনাং লক্ষণং।—"একাদশসহস্রাণি যোধয়েদযস্তু ধন্বিনাং। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতং॥ অমিতান্ যোধয়েদযস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ। রথস্থেকেন যোযোদ্ধা তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃতঃ॥ ৪—৬ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। নন্বেকেন দ্রুপদপুত্রেণ প্রসিদ্ধেনাধিষ্ঠিতাং চমূমেতাং মদীয়ো যঃ কশ্চিদপি জেষ্যতি, কিমিতি ত্বমুত্তাম্যসীত্যত আহ অত্র শূরা ইত্যাদিভিঃ ত্রিভিঃ। ন কেবলমত্র ধৃষ্টদ্যুম্ন এব শূরঃ, যেনোপেক্ষণীয়তা স্যাৎ, কিন্তু অস্যাং চম্বাং অন্যেঽপি বহবঃ শূরাঃ সন্তীত্যবশ্যমেব তজ্জয়ে যতনীয়মিত্যভিপ্রায়ঃ। শূরানেব বিশিনষ্টি মহেষ্বাসা ইতি। মহান্তোঽন্যৈরপ্রধৃষ্যা ইষ্বাসা ধনূংসি যেষাং তে তথা, দূরত এব পরসৈন্যবিদ্রাবণকুশলা ইতি ভাবঃ। মহাধনুরাদিমত্ত্বেঽপি যুদ্ধকৌশলাভাবমাশঙ্ক্যাহ—যুধি যুদ্ধে ভীমার্জ্জুনাভ্যাং সর্ব্বসম্প্রতিপন্নপরাক্রমাভ্যাং সমাস্তুল্যাঃ। তানেবাহ যুযুধান ইত্যাদিনা মহারথ ইত্যন্তেন। যুযুধানঃ সাত্যকিঃ, দ্রুপদশ্চ, মহারথ ইত্যেকঃ, অথবা যুযুধানবিরাটদ্রুপদানাং বিশেষণং মহারথ ইতি, ধৃষ্টকেতুচেকিতানকাশীরাজানাং বিশেষণং বীর্য্যবানিতি, পুরুজিৎকুন্তিভোজশৈব্যানাং বিশেষণং নরপুঙ্গব ইতি, বিক্রান্তো যুধামন্যুঃ, বীর্য্যবাংশ্চোত্তমৌজা ইতি দ্বৌ, অথবা সর্ব্বাণি বিশেষণানি সমুচ্চিত্য সর্ব্বত্র যোজনীয়ানি। সৌভদ্রোঽভিমন্যুঃ, দ্রৌপদেয়াশ্চ দ্রৌপদীপুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ। চকারাদন্যেঽপি পাণ্ড্যরাজঘটোৎকচপ্রভৃতয়ঃ, পঞ্চপাণ্ডবাস্ত্বতিপ্রসিদ্ধা এবেতি ন গণিতাঃ, যে গণিতাঃ সপ্তদশ অন্যেঽপি তদীয়া সর্ব্বএব মহারথাঃ, সর্ব্বেঽপি মহারথা এব, নৈকোঽপি রথোঽর্দ্ধরথো বা। মহারথা ইত্যতিরথত্বস্যাপ্যুপলক্ষণং। তল্লক্ষণঞ্চ,—একাদশসহস্রাণি যোধয়েদযস্তু ধন্বিনাং। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতং॥ অমিতান্ যোধয়েদযস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ। রথস্থেকেন যো যোদ্ধা তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃতঃ॥ ইতি॥ ৪—৬ ॥

বং, অং। ঐ দেখুন, ঐ সৈন্যমধ্যে, সমরক্ষেত্রে ভীমার্জ্জুনসম মহাধনুর্দ্ধর বীর সকল যুদ্ধার্থে দণ্ডায়মান; ঐ দেখুন, মহারথ সাত্যকি, বিরাট, দ্রুপদ, ধৃষ্টকেতু, চেকিতান, মহাবল কাশীরাজ, পুরুজিৎ, কুন্তিভোজ, নরপুঙ্গব শৈব্য, বিক্রমশালী যুধামন্যু, প্রবল বীর্য্যসম্পন্ন উত্তমৌজা, অভিমন্যু এবং দ্রৌপদীর পুত্রগণ অবস্থিত রহিয়াছেন; ইহাঁরা সকলেই মহারথ॥ ৪—৬ ॥

অস্মাকন্তু বিশিষ্টা যে তান্নিবোধ দ্বিজোত্তম ! ।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥ ৭ ॥

সং, প্রং। হে দ্বিজোত্তম ! (দ্রোণ !) অস্মাকন্তু যে বিশিষ্টাঃ (শ্রেষ্ঠাঃ) মম সৈন্যস্য নায়কাঃ, তান্ নিবোধ (জানীহি) তে (তব) সংজ্ঞার্থং (সম্যক্-বোধার্থং) তান্ ব্রবীমি (কথয়ামি) ॥ ৭ ॥

স্বামিকৃতটীকা। অস্মাকমিতি। নিবোধ বুধ্যস্ব। নায়কা নেতারঃ। সংজ্ঞার্থং সম্যক্ জ্ঞানার্থমিত্যর্থঃ ॥ ৭ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। যদ্যেবং পরবলমতিপ্রভূতং দৃষ্ট্বা ভীতোঽসি, হন্ত তর্হি সন্ধিরেব পরৈরিষ্যতাং, কিং বিগ্রহাগ্রহেণেত্যাচার্য্যাভিপ্রায়মাশঙ্ক্যাহ অস্মাকন্ত্বিতি। তু শব্দেনান্তরুৎপন্নমপি ভয়ং তিরোদধানো ধৃষ্টতামাত্মনোঽস্যোতয়তি। অস্মাকং সর্ব্বেষাং মধ্যে যে বিশিষ্টাঃ সর্ব্বেভ্যঃ সমুৎকর্ষজুষস্তান্ময়োচ্যমানান্নিবোধ নিশ্চিনু মম বচনাদবধারয় ইতি। ভ্বাদিকস্য পরস্মৈপদিনোবুধে রূপং। যে চ মম সৈন্যস্য নায়কা মুখ্যা নেতারঃ, তান্ সংজ্ঞার্থং অসংখ্যেষু তেষু মধ্যে কতিচিন্নামভির্গৃহীত্বা পরিশিষ্টানুপলক্ষয়িতুং তে তুভ্যং ব্রবীমি। নত্বজ্ঞাতং কিঞ্চিদপি তব জ্ঞাপয়ামীতি দ্বিজোত্তমেতি বিশেষণেনাচার্য্যং স্তবন্ স্বকার্য্যে তদাভিমুখ্যং সম্পাদয়তি। দৌষ্ট্যপক্ষে দ্বিজোত্তমেতি ব্রাহ্মণত্বাত্তাবদ্ যুদ্ধকুশলত্বং, তেন ত্বয়ি বিমুখেঽপি ভীষ্মপ্রভৃতীনাং ক্ষত্রিয়প্রবরাণাং সত্ত্বান্নাস্মাকং মহতী ক্ষতিরিত্যর্থঃ। সংজ্ঞার্থমিতি প্রিয়শিষ্যাণাং পাণ্ডবানাং চমূং দৃষ্ট্বা হর্ষেণ ব্যাকুলমনসস্তব স্বীয়বীরবিস্মৃতির্মাভূদিতি মমেয়মুক্তিরিতি ভাবঃ ॥ ৭ ॥

বং, অং। হে দ্বিজশ্রেষ্ঠ ! আমাদিগের মধ্যেও যাঁহারা প্রধান প্রধান বীর, তাঁহাদিগকে গণনা করিয়া দেখুন, কিন্তু বাস্তবিকপক্ষে আমাদের মহাবীর সকল অসংখ্য, তথাপি সেই বীরসমূহের মধ্যে যাঁহারা আমার সৈন্যের নায়কতা করিতেছেন, তাঁহাদিগকে আপনার নিকট নির্ব্বাচন করিতেছি, ইঁহারা অন্যান্য বীরগণের উপলক্ষমাত্র ॥ ৭ ॥

---

* দুর্য্যোধন পাণ্ডববলের দ্বারা কিছুমাত্র ভীত হয়েন নাই, কারণ তাঁহার বল, পাণ্ডব বল অপেক্ষাও অধিক, ইহা জানাইবার নিমিত্ত নিজ পক্ষীয় বীরবর্গের বর্ণনা করিতেছেন।

ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জয়দ্রথঃ ॥ ৮ ॥
অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৯ ॥

সং, প্রং। ভবান্ (দ্রোণঃ) ভীষ্মঃ চ, কর্ণঃ চ, সমিতিঞ্জয়ঃ (যুদ্ধবিজয়ী) কৃপঃ চ, অশ্বত্থামা, বিকর্ণঃ চ, সৌমদত্তিঃ, (সোমদত্ততনয়ঃ) জয়দ্রথঃ, (এতে) মদর্থে (মৎপ্রয়োজনায়) ত্যক্তজীবিতাঃ (জীবনমপি ত্যক্তুমুদ্যুক্তাঃ) নানাশস্ত্রপ্রহরণাঃ যুদ্ধবিশারদাঃ (যুদ্ধনিপুণাঃ) অন্যে চ বহবঃ শূরাঃ (বীরাঃ) (সন্তি) ॥ ৮ ॥ ৯ ॥

স্বামিকৃতটীকা। তানেবাহ ভবানিতি দ্বাভ্যাং। ভবান্ দ্রোণঃ। সমিতিং সংগ্রামং

জয়তীতি তথা। সৌমদত্তিঃ সোমদত্তস্য পুত্রোভূরিশ্রবাঃ। মদর্থে মৎপ্রয়োজনার্থং জীবিতং ত্যক্তুমধ্যবসিতা ইত্যর্থঃ। নানা অনেকানি শস্ত্রাণি প্রহরণসাধনানি যেষাং তে। যুদ্ধে বিশারদা নিপুণাঃ ॥ ৮ ॥ ৯ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। তত্র বিশিষ্টান্ গণয়তি ভবানিতি। ভবান্ দ্রোণঃ, ভীষ্মঃ, কর্ণঃ, কৃপশ্চ। সমিতিং সংগ্রামং জয়তীতি সমিতিঞ্জয় ইতি কৃপবিশেষণং কর্ণাদনন্তরং গণ্যমানত্বেন তস্য কোপমাশঙ্ক্য তন্নিরাসার্থং। এতে চত্বারঃ সর্ব্বতোবিশিষ্টাঃ। নায়কান্ গণয়তি।—অশ্বত্থামা দ্রোণপুত্রঃ। ভীষ্মাপ্লেক্ষয়াঽচার্য্যস্য প্রথমগণনবৎ বিকর্ণাদ্যপেক্ষয়া তৎপুত্রস্য প্রথমগণনমাচার্য্যপরিতোষার্থং। বিকর্ণঃ স্বভ্রাতা কনীয়ান্, সৌমদত্তিঃ সোমদত্তস্য পুত্রঃ শ্রেষ্ঠত্বাৎ ভূরিশ্রবাঃ, সিন্ধুরাজস্তথৈব চেতি ক্বচিৎ পাঠঃ। সিন্ধুরাজঃ জয়দ্রথঃ। কিমেতাবন্ত এব নায়কা নেত্যাহ অন্যে চেতি। অন্যে চ শল্যকৃতবর্ম্মপ্রভৃতয়ঃ মদর্থে মৎপ্রয়োজনায় জীবিতমপি ত্যক্তুমধ্যবসিতা ইত্যর্থেন ত্যক্তজীবিতা ইত্যনেন স্বস্মিন্ননুরাগাতিশয়স্তেষাং কথ্যতে। এবং স্বসৈন্যবাহুল্যং, তস্য স্বস্মিন্ ভক্তিঃ, শৌর্য্যং, যুদ্ধোদ্যোগঃ, যুদ্ধকৌশলঞ্চ দর্শিতং শূরা ইত্যাদিবিশেষণৈঃ ॥ ৮—৯ ॥

বং, অং। আমাদের পক্ষে আপনি, ভীষ্ম, কর্ণ, রণবিজয়ী কৃপ, অশ্বত্থামা, বিকর্ণ, ভূরিশ্রবা, জয়দ্রথ এবং অন্যান্য বহুতর নানা শস্ত্রবিশারদ যুদ্ধপারগ বীরগণ আমার নিমিত্ত জীবন ত্যাগে প্রস্তুত আছেন ॥ ৮—৯ ॥

—০:*:০—

অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতং।
পর্য্যাপ্তন্ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতং ॥ ১০ ॥

সং, প্রং। অস্মাকং তৎ ভীষ্মাভিরক্ষিতং (সূক্ষ্মবুদ্ধিনা ভীষ্মেণ রক্ষিতং) বলং (সৈন্যং) অপর্য্যাপ্তং (পরপরিভবে সমর্থং) এতেষাং (পাণ্ডবানাং) তু (পুনঃ) ভীমাভিরক্ষিতং (ভীমেন চ চপলবুদ্ধিনা পরিপালিতং) ইদং বলং পর্য্যাপ্তং (অস্মান্ অভিভবিতুমসমর্থং) ॥ ১০ ॥

স্বামিকৃতটীকা। ততঃ কিং, অত আহ অপর্য্যাপ্তমিত্যাদি। তত্তথাভূতৈর্বীরৈর্যুক্তমপি ভীষ্মেণাভিরক্ষিতমপি অস্মাকং বলং সৈন্যং অপর্য্যাপ্তং তৈঃ সহ যোদ্ধুমসমর্থং ভাতি, ইদমেতেষাং পাণ্ডবানাং বলং ভীমাভিরক্ষিতং সৈন্যং পর্য্যাপ্তং সমর্থং ভাতি ॥ ১০ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। রাজা পুনরপি সৈন্যদ্বয়সাম্যমাশঙ্ক্য স্বসৈন্যাধিক্যমাবেদয়তি অপর্য্যাপ্তমিতি। অপর্য্যাপ্তমনন্তমেকাদশাক্ষৌহিণীপরিমিতং ভীষ্মেণ চ প্রথিতমহিম্না সূক্ষ্মবুদ্ধিনাঽভিতঃ সর্ব্বতো রক্ষিতং, তত্তাদৃশগুণবৎপুরুষাধিষ্ঠিতমস্মাকং বলং, এতেষাং পাণ্ডবানাং বলন্তু পর্য্যাপ্তং পরিমিতং সপ্তাক্ষৌহিণীমাত্রাত্মকত্বাৎ ন্যূনং, ভীমেন চ অতিচপলবুদ্ধিনা রক্ষিতং। তস্মাদস্মাকমেব বিজয়োভবিষ্যতীত্যভিপ্রায়ঃ। অথবা তৎ পাণ্ডবানাং বলমপর্য্যাপ্তং নালং অস্মাকমস্মভ্যং। কীদৃশং তৎ ভীষ্মোঽভিরক্ষিতোঽস্মাভির্যস্মৈ যন্নিবৃত্ত্যর্থমিত্যর্থঃ, তৎ পাণ্ডববলং ভীষ্মাভিরক্ষিতং, ইদং পুনরস্মদীয়ং বলং এতেষাং পাণ্ডবানাং পর্য্যাপ্তং পরিভবে সমর্থং। ভীমোঽতিদুর্ব্বলহৃদয়ো রক্ষিতো যস্মৈ তদস্মাকং বলং ভীমাভিরক্ষিতং। যস্মাদ্ভীমোঽত্যযোগ্য এবৈতন্নিবৃত্ত্যর্থং তৈঃ রক্ষিতস্তস্মাদস্মাকং ন কিঞ্চিদপি ভয়কারণমস্তীত্যভিপ্রায়ঃ। এবঞ্চেন্নির্ভয়োঽসি তর্হি কিমিতি বহু জল্পসীত্যত আহ ত্বিতি। কর্ত্তব্যবিশেষদ্যোতী তুশব্দঃ ॥ ১০ ॥

বং, অং। অতএব পাণ্ডবসৈন্যগণ আমাদের বল সহ্য করিতে অসমর্থ হইবে বলিয়া বোধ হইতেছে। কারণ পাণ্ডবসৈন্য নিবারণের (গ্রহণের) জন্য আমাদিগের পক্ষে, বীরাগ্রণী ভীষ্মদেব প্রস্তুত রহিয়াছেন; কিন্তু আমাদিগের এই সৈন্য, উহাদের দমন করা পক্ষে বিলক্ষণ অনুপযুক্ততা বোধ হইতেছে, কারণ আমাদের সৈন্য গ্রহণের নিমিত্ত উহাঁরা স্থূলবুদ্ধি ভীমকে নিযুক্ত করিয়াছেন॥ ১০ ॥

অয়নেষু চ সর্ব্বেষু যথাভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্বএব হি ॥ ১১ ॥

সং, প্রং। সর্ব্বেষু অয়নেষু (ব্যূহপ্রবেশমার্গেষু) যথাভাগং (নির্দ্দিষ্টাং স্বাং স্বাং যুদ্ধভূমিং অপরিত্যজ্য) অবস্থিতাঃ সর্ব্বে এব ভবন্তঃ ভীষ্মমেব অভিরক্ষন্তু ॥ ১১ ॥

স্বামিকৃতটীকা। তস্মাদ্ভবদ্ভিরেবং বর্ত্তিতব্যমিত্যাহ অয়নেষ্বিতি। অয়নেষু ব্যূহপ্রবেশমার্গেষু যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং রণভূমিং অপরিত্যাজ্যাবস্থিতাঃ সন্তো ভীষ্মমেবাভিরক্ষন্তু তথাঽন্যৈর্যুধ্যমানঃ পৃষ্ঠতঃ কৈশ্চিন্ন হন্যেত, তথা রক্ষন্তু। ভীষ্মবলেনৈবাস্মাকং জীবনমিতি ভাবঃ ॥ ১১ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। অয়নেষ্বিতি। সমরসমারম্ভসময়ে যোধানাং যথাপ্রধানং যুদ্ধভূমৌ পূর্ব্বাপরাদিদিগ্বিভাগেনাবস্থিতিস্থানানি যানি নিয়ম্যন্তে তান্যত্রায়নান্যুচ্যন্তে; সেনাপতিশ্চ সর্ব্বসৈন্যমধিষ্ঠায় মধ্যে তিষ্ঠতি। তত্রৈবং সতি যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং রণভূমিমপরিত্যজ্যাবস্থিতাঃ সন্তোভবন্তঃ সর্ব্বেঽপি যুদ্ধাভিনিবেশাৎ পুরতঃ পৃষ্ঠতঃ পার্শ্বতশ্চানিরীক্ষমাণং ভীষ্মং সেনাপতিমেব রক্ষন্তু। ভীষ্মে হি সেনাপতৌ রক্ষিতে তৎপ্রসাদাদেব সর্ব্বং সুরক্ষিতং ভবিষ্যতীত্যভিপ্রায়ঃ ॥ ১১ ॥

বং, অং। এখন আপনারা সকলেই সমস্ত অয়নেতে * যথাস্থানে অবস্থিত হইয়া ভীষ্মদেবকেই রক্ষা করিতে থাকুন ॥ ১১ ॥

* যুদ্ধকালে যোদ্ধাদিগের আপন আপন বল বুদ্ধির মর্য্যাদানুসারে অগ্রপশ্চাৎক্রমে অবস্থিতির স্থানকে এখানে "অয়ন" বলা হইয়াছে।

——:*:——

তস্য সঞ্জনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥ ১২ ॥

সং, প্রং। প্রতাপবান্, কুরুবৃদ্ধঃ পিতামহঃ (ভীষ্মঃ) তস্য (দুর্য্যোধনস্য) হর্ষং সঞ্জনয়ন উচ্চৈঃ সিংহনাদং বিনদ্য (কৃত্বা) শঙ্খং দধ্মৌ (বাদিতবান্) ॥ ১২ ॥

স্বামিকৃতটীকা। তদেবং বহুমানিযুক্তং রাজবাক্যং শ্রুত্বা ভীষ্মঃ কিং কৃতবান্, তদাহ তস্যেত্যাদি। তস্য রাজ্ঞোহর্ষং কুর্ব্বন্ পিতামহোভীষ্ম উচ্চৈর্ম্মহান্তং সিংহনাদং বিনদ্য (কৃত্বা) শঙ্খং দধ্মৌ (বাদিতবান্) ॥ ১২ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। স্তৌতু বা নিন্দতু বা এতদর্থে দেহঃ পতিষ্যত্যেবেত্যাশয়েন তং হর্ষয়ন্নেব সিংহনাদং শঙ্খবাদ্যঞ্চ কারিতবানিত্যাহ তস্যেতি। এবং পাণ্ডবসৈন্যদর্শনাদতিভীতস্য ভয়নিবৃত্ত্যর্থ মাচার্য্যং কপটেন শরণং গতস্য ইদানীমপ্যয়ং মাং প্রতারয়তীত্যসন্তোষবশাদাচার্য্যেণ বাত্মাত্রেণাপ্যনাদৃতস্যাচার্য্যোপেক্ষাং বুদ্ধাহয়নেষ্বিত্যাদিনা ভীষ্মমেব স্তবতস্তস্য রাজ্ঞোভয়নিবর্ত্তকং হর্ষং বুদ্ধিগতমুল্লাসবিশেষং স্ববিজয়সূচকং জনয়ন্ উচ্চৈর্ম্মহান্তং সিংহনাদং বিনদ্য কৃত্বা। সিংহনাদমিতি ণমুলন্তং, অতো রৈপোষং পুষ্যতীতিবত্তস্যৈব ধাতোঃ পুনঃ প্রয়োগঃ। শঙ্খং দধ্মৌ বাদিতবান্। কুরুবৃদ্ধত্বাদাচার্য্যদুর্য্যোধনয়োরভিপ্রায়পরিজ্ঞানং; পিতামহত্বাদনুপেক্ষণং, নত্বাচার্য্যবদুপেক্ষণং। প্রতাপবত্ত্বাদুচ্চৈঃ সিংহনাদপূর্ব্বকশঙ্খবাদনং পরেষাং ভয়োৎপাদনায়। অত্র সিংহনাদশঙ্খবাদ্যয়োর্হর্ষজনকত্বেন পূর্ব্বাপরকালত্বেঽপ্যভিচরন্ যজেতেতিবজ্জনয়ন্নিতি শতাবশ্যম্ভাবিত্বরূপবর্ত্তমানত্বে ব্যাখ্যাতব্যং ॥ ১২ ॥

বং, অং। দুর্য্যোধনের এরূপ অন্তরে ভীতি ও বাহিরে সাহসব্যঞ্জক বাক্যাবলী শ্রবণ করিয়া মহাপ্রতাপশালী কুরুবৃদ্ধ ভীষ্ম, তাঁহার আন্তরিক সাহস বর্দ্ধনের নিমিত্ত অত্যুচ্চ সিংহনাদপূর্ব্বক শঙ্খধ্বনি করিলেন ॥ ১২ ॥

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥ ১৩ ॥

সং, প্রং। ততঃ (ভীষ্মপ্রবৃত্ত্যনন্তরং) শঙ্খাঃ চ ভের্য্যঃ চ পণবানকগোমুখাঃ (এতে বাদ্যবিশেষাঃ) সহসা (হঠাৎ) এব অভ্যহন্যন্ত (তাড়িতাঃ) স শব্দঃ তুমুলঃ (বৃহন্) অভবৎ ॥ ১৩ ॥

স্বামিকৃতটীকা। তদেবং সেনাপতের্ভীষ্মস্য যুদ্ধোৎসবমালোক্য সর্ব্বতোযুদ্ধোৎসবঃ প্রবৃত্ত ইত্যাহ তত ইত্যাদিনা। পণবা মর্দ্দলা, আনকা গোমুখাশ্চ বাদ্যবিশেষাঃ। সহসা তৎক্ষণাদেবাভ্যহন্যন্ত বাদিতাঃ, স শব্দঃ শঙ্খাদিশব্দস্তুমুলোমহানভূৎ ॥ ১৩ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। ততো ভীষ্মস্য সেনাপতেঃ প্রবৃত্ত্যনন্তরং পণবা আনকা গোমুখাশ্চ বাদ্যবিশেষাঃ সহসা তৎক্ষণমেবাভ্যহন্যন্ত বাদিতাঃ। কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ। স শব্দস্তুমুলোমহানাসীত্তথাপি ন পাণ্ডবানাং ক্ষোভোজাত ইত্যভিপ্রায়ঃ ॥ ১৩ ॥

বং, অং। তখন, মহাবীর ভীষ্মের এইরূপ যুদ্ধোৎসাহ বুঝিতে পারিয়া, কৌরব পক্ষীয় সেনামধ্যেও অসঙ্খ্য শঙ্খ, অসঙ্খ্য ভেরী এবং পণব, আনক ও গোমুখপ্রভৃতি বাদ্য সকল একত্র ধ্বনিত হইয়া উঠিল এবং তাহাতে তুমুল শব্দ উত্থিত হইয়াছিল ॥ ১৩ ॥

ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥ ১৪ ॥

সং, প্রং। ততঃ শ্বেতৈঃ হয়ৈঃ (অশ্বৈঃ) যুক্তে মহতি (অপ্রধৃষ্যে) স্যন্দনে (রথে) স্থিতৌ মাধবঃ (কৃষ্ণঃ) পাণ্ডবঃ (অর্জ্জুনঃ) চ এব দিব্যৌ (অপ্রাকৃতৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ (প্রকর্ষেণ বাদিতবন্তৌ) ॥ ১৪ ॥

স্বামিকৃতটীকা। ততঃ পাণ্ডবসৈন্যে প্রবৃত্তং যুদ্ধোৎসবমাহ, ততঃ ইত্যাদিভিঃ পঞ্চভিঃ। স্যন্দনে রথে স্থিতৌ সন্তৌ শ্রীকৃষ্ণার্জ্জুনৌ শঙ্খৌ প্রকর্ষেণ দধ্মতুর্ব্বাদয়ামাসতুঃ॥ ১৪॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। অন্যেষামপি রথস্থত্বে স্থিত এব অসাধারণ্যেন রথোৎকর্ষকথনার্থং ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তমিত্যাদিনা রথস্থত্বকথনং, তেনাগ্নিদত্তে দুষ্প্রধৃষ্যে রথে স্থিতৌ সর্ব্বথা জেতুমশক্যাবিত্যর্থঃ॥ ১৪॥

বং, অং। কৌরবগণের এইরূপ রণোৎসাহপ্রকাশক তুমুল বাদ্য ধ্বনি বিজৃম্ভিত হইলে, কৌরবসম্মুখে বিরাজমান শ্বেতাশ্বযুক্ত মহারথে অবস্থিত শ্রীকৃষ্ণ এবং অর্জ্জুন সেই অসাধারণ শঙ্খদ্বয়ের গগনবিদারক ধ্বনি করিয়াছিলেন॥ ১৪॥

—০:*:০—

পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ॥ ১৫
অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ॥ ১৬॥
কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ॥ ১৭॥
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে!।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্॥ ১৮॥

সং, প্রং। হৃষীকেশঃ (কৃষ্ণঃ) পাঞ্চজন্যং, ধনঞ্জয়ঃ দেবদত্তং, ভীমকর্ম্মা (সর্ব্বলোকভয়ঙ্করকর্ম্মকারী) বৃকোদরঃ (ভীমঃ) মহাশঙ্খং পৌণ্ড্রং, কুন্তীপুত্রঃ রাজা যুধিষ্ঠিরঃ অনন্তবিজয়ং, নকুলঃ সহদেবঃ চ সুঘোষমণিপুষ্পকৌ (পাঞ্চজন্যাদীনি মণিপুষ্পকান্তানি শঙ্খনামানি) দধ্মৌ, পরমেষ্বাসঃ (প্রকৃষ্টধনুর্ধরঃ) কাশ্যঃ চ, মহারথঃ শিখণ্ডী চ, ধৃষ্টদ্যুম্নঃ, বিরাটশ্চ, অপরাজিতঃ সাত্যকিঃ চ, হে পৃথিবীপতে! (ধৃতরাষ্ট্র!) দ্রুপদঃ, দ্রৌপদেয়াঃ (দ্রৌপদীতনয়াঃ) চ, মহাবাহুঃ সৌভদ্রঃ চ সর্ব্বশঃ পৃথক্ পৃথক্ শঙ্খান্ দধ্মুঃ॥ ১৫—১৮॥

স্বামিকৃতটীকা। তদেব বিভাগেন দর্শয়ন্নাহ পাঞ্চজন্যমিতি। পাঞ্চজন্যাদীনি নামানি শ্রীকৃষ্ণাদিশঙ্খানাং। ভীমং ঘোরং কর্ম্ম যস্য সঃ। অনন্তেতি। নকুলঃ সুঘোষং নাম শঙ্খং দধ্মৌ, সহদেবো মণিপুষ্পকং নাম। কাশ্যশ্চেতি। কাশ্যঃ কাশীরাজঃ, কথম্ভূতঃ—পরমঃ শ্রেষ্ঠঃ ইষ্বাসো-ধনুর্যস্য সঃ। দ্রুপদ ইতি। হে পৃথিবীপতে ধৃতরাষ্ট্র!॥ ১৫—১৮॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। পাঞ্চজন্যো দেবদত্তঃ পৌণ্ড্রঃ অনন্তবিজয়ঃ সুঘোষো মণিপুষ্পকশ্চেতি শঙ্খনামকথনং পরসৈন্যে স্বনামভিঃ প্রসিদ্ধা এতাবন্তঃ শঙ্খাঃ, ভবৎসৈন্যে তু নৈকোঽপি স্বনামপ্রসিদ্ধঃ শঙ্খোঽস্তীতি পরেষামুৎকর্ষাতিশয়কথনার্থম্। সর্ব্বেন্দ্রিয়প্রেরকত্বেন সর্ব্বান্তর্যামিসহায়ঃ পাণ্ডবানামিতি কথয়িতুং হৃষীকেশপদম্। দিগ্বিজয়ে সর্ব্বান্ রাজ্ঞো জিত্বা ধনমাহৃতবানিতি

সর্ব্বথৈবায়মজেয় ইতি কথয়িতুং ধনঞ্জয়পদম্। ভীমং হিড়িম্ববধাদিরূপং কর্ম্ম যস্য তাদৃশঃ। বৃকোদরত্বেন বহ্বন্নপাকাদতিবলিষ্ঠো ভীমসেন ইতি কথিতম্। কুন্তীপুত্র ইতি কুন্ত্যা মহতা তপসা ধর্ম্মমারাধ্য লব্ধঃ স্বয়ঞ্চ রাজসূয়যাজিত্বেন মুখ্যো রাজা যুধি চায়মেব জয়ভাগিত্বেন স্থিরো নত্বেতদ্বিপক্ষাঃ স্থিরা ভবিষ্যন্তীতি যুধিষ্ঠিরপদেন সূচিতম্। নকুলঃ সুঘোষং, সহদেবো মণিপুষ্পকং দধ্মাবিত্যনুসজ্যতে। পরমেষ্বাসঃ কাশ্যঃ মহাধনুর্দ্ধরঃ কাশীরাজঃ। ন পরাজিতঃ পারিজাতহরণবাণযুদ্ধাদিমহাসংগ্রামেষু, এতাদৃশঃ সাত্যকিঃ হে পৃথিবীপতে ধৃতরাষ্ট্র! স্থিরোভূত্বা শৃণ্বিত্যভিপ্রায়ঃ। সুগমমন্যৎ ॥ ১৫—১৮ ॥

বং, অং। কৃষ্ণ পাঞ্চজন্য নামক প্রসিদ্ধ শঙ্খ এবং ধনঞ্জয় সেই দেবদত্ত নামক শঙ্খের ধ্বনি করিয়াছিলেন। ভীমকর্ম্মা ভীমসেন পৌণ্ড্র নামক মহাশঙ্খের ধ্বনি করিলেন। কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির অনন্তবিজয় নামক শঙ্খ, নকুল সুঘোষ নামক শঙ্খ এবং সহদেব মণিপুষ্পক নামক শঙ্খের ধ্বনি করিয়াছিলেন। তখন মহাধনুর্দ্ধর কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, অপরাজেয় সাত্যকী, দ্রুপদ, পাঞ্চালীর পঞ্চপুত্র এবং মহাবাহু অভিমন্যু প্রভৃতি সকলেই আপন আপন শঙ্খের ধ্বনি করিয়াছিলেন ॥ ১৫—১৮ ॥

স ঘোষোধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্ ॥ ১৯ ॥

সং, প্রং। তুমুলঃ (অতিভৈরবঃ) স ঘোষঃ (পাঞ্চজন্যাদিশঙ্খধ্বনিঃ) নভঃ (আকাশং) চ পৃথিবীং চ অনুনাদয়ন্ (প্রতিধ্বনিভিরাপূরয়ন্) ধার্ত্তরাষ্ট্রাণাং (ধৃতরাষ্ট্রতনয়ানাং) হৃদয়ানি ব্যদারয়ৎ (বিদীর্ণানি কৃতবান্) ॥ ১৯ ॥

স্বামিকৃতটীকা। স চ শঙ্খানাং নাদস্ত্বদীয়ানাং মহাভয়ং জনয়ামাসেত্যাহ স ঘোষ ইত্যাদি। ধার্ত্তরাষ্ট্রাণাং ত্বদীয়ানাং হৃদয়ানি বিদারিতবান্, কিং কুর্ব্বন্—নভশ্চ পৃথিবীঞ্চাভ্যনুনাদয়ন্ প্রতিধ্বনিভিরাপূরয়ন্ ॥ ১৯ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। ধার্ত্তরাষ্ট্রাণাং সৈন্যে শঙ্খাদিধ্বনিরতিতুমুলোঽপি ন পাণ্ডবানাং ক্ষোভকোঽভূৎ, পাণ্ডবানাং সৈন্যে জাতস্তু স শঙ্খঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং ধৃতরাষ্ট্রস্য তব সম্বন্ধিনাং সর্ব্বেষাং ভীষ্মদ্রোণাদীনামপি হৃদয়ানি ব্যদারয়ৎ হৃদয়বিদারণতুল্যাং ব্যথাং জনিতবানিত্যর্থঃ, যতস্তুমুলঃ তীব্রঃ নভশ্চ পৃথিবীঞ্চ প্রতিধ্বনিভিরাপূরয়ন্ ॥ ১৯ ॥

রং, অং। হে পৃথিবীপতে! পাণ্ডবসৈন্যের মধ্যে সেই তুমুল শঙ্খধ্বনি উঠিয়া আকাশমণ্ডল এবং মেদিনী প্রতিধ্বনিত করিল এবং আপনার পুত্রগণের হৃদয়কে যেন বিদীর্ণ করিয়া অত্যন্ত ভয়-বিহ্বল করিল ॥ ১৯ ॥

অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ।
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে! ॥ ২০ ॥

সং, প্রং। মহীপতে! অথ (ভীতিপ্রত্যুপস্থিতেরনন্তরং) কপিধ্বজঃ পাণ্ডবঃ (অর্জ্জুনঃ) ধার্ত্তরাষ্ট্রান্ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা শস্ত্রসম্পাতে (শস্ত্রাণাং সমুদায়ে) প্রবৃত্তে (প্রয়োগাভিমুখে সতি) ধনুঃ উদ্যম্য তদা হৃষীকেশং ইদং (বক্ষ্যমাণং) বাক্যং আহ ॥ ২০ ॥

স্বামিকৃতটীকা। এতস্মিন্ সময়ে শ্রীকৃষ্ণমর্জ্জুনোবিজ্ঞাপয়ামাসেত্যাহ অথেত্যাদিভিঃ চতুর্ভিঃ শ্লোকৈঃ, অথেতি। অথানন্তরং ব্যবস্থিতান্ যুদ্ধোদ্যোগেঽবস্থিতান্। কপিধ্বজোঽর্জ্জুনঃ ॥ ২০ ॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। ধার্ত্তরাষ্ট্রাণাং ভয়প্রাপ্তিং প্রদর্শ্য পাণ্ডবানাং তদ্বৈপরীত্যমুদাহরন্তি অথেত্যাদিনা। ভীতিপ্রত্যুপস্থিতেরনন্তরং পলায়নে প্রাপ্তেঽপি তদ্বিরুদ্ধতয়া যুদ্ধোদ্যোগেনাবস্থিতানেব পরান্ প্রত্যক্ষেণোপলভ্য তদা শস্ত্রসম্পাতে প্রবৃত্তে প্রবর্ত্তমানে সতি। বর্ত্তমানে ক্তঃ। কপিধ্বজঃ পাণ্ডবঃ হনুমতা মহাবীরেণ ধ্বজরূপতয়াঽনুগৃহীতোঽর্জ্জুনঃ সর্ব্বথা ভয়শূন্যত্বেন যুদ্ধায় গাণ্ডীবং ধনুরুদ্যম্য হৃষীকেশমিন্দ্রিয়প্রবর্ত্তকত্বেন সর্ব্বান্তঃকরণবৃত্তিজ্ঞং শ্রীকৃষ্ণমিদং বক্ষ্যমাণং বাক্যমাহ উক্তবান্। নত্ববিমৃষ্যকারিতয়া স্বয়মেব যৎ কিঞ্চিৎ কৃতবানিতি পরেষাং বিমৃষ্যকারিত্বেন নীতিধর্ম্ময়োঃ কৌশলং বদন্ অবিমৃষ্যকারিতয়া পরেষাং রাজ্যং গৃহীতবানসীতি নীতিধর্ম্ময়োরভাবাৎ তব জয়োনাস্তীতি মহীপতে ইতি সম্বোধনেন সূচয়তি ॥ ২০ ॥

বং, অং। হে মহারাজ! অনন্তর, সেই তুমুল শঙ্খধ্বনি দ্বারা হৃদয়ে ভয়সঞ্চার হইলেও আপনার পুত্র দুর্য্যোধনাদিকে অবিচলিতভাবে দণ্ডায়মান এবং যুদ্ধার্থে অস্ত্র শস্ত্র বর্ষণে সমুদ্যত দেখিয়া পাণ্ডুপুত্র ধনঞ্জয় তখন নির্ভীকচিত্তে শরাসনের উন্নয়নপূর্ব্বক বাসুদেবকে এই কথা বলিলেন ॥ ২০ ॥

—০:*:০—

অর্জ্জুন উবাচ।—সেনয়োরুভয়োর্ম্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত ॥ ২১ ॥
যাবদেতান্নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ম্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে ॥ ২২ ॥
যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥ ২৩ ॥

সং, প্রং। অর্জ্জুন উবাচ। হে অচ্যুত! (কৃষ্ণ!) উভয়োঃ সেনয়োঃ মধ্যে মে (মম) রথং স্থাপয়। (কথমর্জ্জুনেন রথং স্থাপয় ইত্যুক্তমিত্যাশঙ্ক্যাহ) অহং এতান্ যোদ্ধুকামান্ অবস্থিতান্ (ভীষ্মদ্রোণাদীন্) যাবৎ নিরীক্ষে (পশ্যামি), (কিঞ্চ) অস্মিন্ রণসমুদ্যমে (যুদ্ধপ্রারম্ভে) কৈঃ সহ ময়া যোদ্ধব্যম্। (যাবদেতৎ নিশ্চিনোমি, তাবৎ রথং স্থাপয় ইত্যভিপ্রায়ঃ)। (অপরঞ্চ) অত্র (কুরুক্ষেত্রে) যুদ্ধে দুর্ব্বুদ্ধেঃ ধার্ত্তরাষ্ট্রস্য (দুর্য্যোধনস্য) প্রিয়চিকীর্ষবঃ (প্রিয়ং কর্ত্তুমিচ্ছবঃ) যে এতে (রাজানঃ) সমাগতাঃ, যোৎস্যমানান্ (সংগ্রামসমুৎসুকান্) (তান্) অবেক্ষে ॥ ২১—২৩ ॥

স্বামিকৃতটীকা। তদেব বাক্যমাহ সেনয়োরিত্যাদি। নন্থ ত্বং যোদ্ধা, ন তু যুদ্ধপ্রেক্ষক-স্তত্রাহ কৈর্ম্ময়েত্যাদি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যম্। যোৎস্যমানানিতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য প্রিয়ং কর্ত্তুমিচ্ছন্তো য ইহ সমাগতাস্তানহং দ্রক্ষ্যামি যাবৎ, তাবদুভয়োঃ সেনয়োর্ম্মধ্যে মে রথং স্থাপয়েত্যন্বয়ঃ॥ ২১—২৪॥

মধুসূদনসরস্বতীকৃতটীকা। তদেবার্জ্জুনবাক্যমবতারয়তি। সেনয়োরুভয়োঃ স্বপক্ষপ্রতি-পক্ষভূতয়োঃ সন্নিহিতয়োর্ম্মধ্যে মম রথং স্থাপয় স্থিরীকুর্ব্বিতি সর্ব্বেশ্বরো নিযুজ্যতেঽর্জ্জুনেন, কিং হি ভক্তানামশক্যং, যত্তগবানপি তন্নিয়োগমনুতিষ্ঠতীতি ধ্রুবোজয়ঃ পাণ্ডবানামিতি। নন্বেবং রথং স্থাপয়ন্তং মামেতে শত্রবো রথাৎ চ্যাবয়িষ্যন্তীতি ভগবদাশঙ্কা মাশঙ্ক্যাহ অচ্যুতেতি। দেশকাল-বস্তুষ্বচ্যুতং ত্বাং কোবা চ্যাবয়িতুমর্হতীতি ভাবঃ। এতেন সর্ব্বদা নির্ব্বিকারত্বেন নিয়োগ-নিমিত্তকোপোঽপি পরিহৃতঃ। মধ্যে রথস্থাপনপ্রয়োজনমাহ। যোদ্ধুকামান্, নত্বস্মাভিঃ সহ সন্ধি-কামান্, অবস্থিতান্ ন তু ভয়াৎ প্রচলিতান্ এতান্ ভীষ্মদ্রোণাদীন্ যাবদ্গত্বাহং নিরীক্ষিতুং ক্ষমঃ স্যাস্তাবৎ প্রদেশে রথং স্থাপয়েত্যর্থঃ। যাবদিতি কালপরং বা। নন্থ ত্বং যোদ্ধা, ন তু যুদ্ধপ্রেক্ষকঃ, অত-স্তব কিমেষাং দর্শনেনেত্যত্রাহ কৈরিতি। অস্মিন্ রণসমুদ্যমে বন্ধূনামেব পরস্পরং যুদ্ধোদ্যোগে ময়া কৈঃ সহ যোদ্ধব্যং—মৎকর্ত্তৃকযুদ্ধপ্রতিযোগিনঃ কে, কৈর্ম্ময়া সহ যোদ্ধব্যং—কিংকর্ত্তৃকযুদ্ধ-প্রতিযোগ্যহমিতি চ মহদিদং কৌতুকমেতৎজ্ঞানমেব মধ্যে রথস্থাপনপ্রয়োজনমিত্যর্থঃ। নন্থ বন্ধব-এব এতে পরস্পরং সন্ধিং করিষ্যন্তীতি কুতো যুদ্ধমিত্যাশঙ্ক্যাহ। য এতে ভীষ্মদ্রোণাদয়ঃ ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য দুর্ব্বুদ্ধেঃ স্বরক্ষণোপায়মজানতঃ প্রিয়চিকীর্ষবো যুদ্ধে ন তু দুর্বুদ্ধ্যপনয়নাৎ এতান্ যোৎস্য-মানান্ অহমবেক্ষে উপলভে, নতু সন্ধিকামান্, অতো যুদ্ধায় তৎপ্রতিযোগ্যবলোকনমুচিতমেবেতি ভাবঃ॥ ২১—২৩॥

বং, অং। হে অচ্যুত! আপনি কিছু কালের নিমিত্ত, এই উভয় সেনাদলমধ্যে আমার রথখানি সংস্থাপিত করুন। যে স্থানে রাখিলে আমাদের সহিত যুদ্ধার্থে সমুপস্থিত লোকগুলিকে আমি একবার বিশেষ করিয়া দেখিতে পারি; যুদ্ধপ্রারম্ভে বহুসংখ্যক বীরগণ সমুপস্থিত দেখিতেছি, ইহাঁদের মধ্যে কাহার সহিত আমার যুদ্ধ করিতে হইবে, তাহা বিবেচনা করিব। বর্ত্তমান যুদ্ধে দুরাত্মা দুর্য্যোধনের প্রিয়চিকীর্ষু হইয়া যাঁহারা এখানে যুদ্ধার্থে সমাগত হইয়াছেন, তাঁহাদিগকে বিশেষ করিয়া দেখিব॥ ২১—২৩॥

সঞ্জয় উবাচ।—এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত!।
সেনয়োরুভয়োর্ম্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমং॥ ২৪॥
ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ! পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি॥ ২৫॥

সং, প্রং। সঞ্জয় উবাচ। ভারত! (ধৃতরাষ্ট্র!) গুড়াকেশেন (অর্জ্জুনেন) এবং (পূর্ব্বোক্ত-প্রকারেণ) উক্তঃ হৃষীকেশঃ উভয়োঃ সেনয়োঃ মধ্যে ভীষ্মদ্রোণপ্রমুখতঃ (ভীষ্মদ্রোণপ্রভৃতীনাং)

সর্ব্বেষাং মহীক্ষিতাং (রাজ্ঞাং) (সমীপে) রথোত্তমং স্থাপয়িত্বা "হে পার্থ! সমবেতান্ এতান্ কুরূন্ পশ্য" ইতি উবাচ ॥ ২৪ ॥ ২৫ ॥

স্বামিকৃতটীকা। ততঃ কিং বৃত্তং ইত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ এবমুক্ত ইত্যাদি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশেন জিতনিদ্রেণার্জ্জুনেন এবমুক্তঃ সন্। হে ভারত! হে ধৃতরাষ্ট্র! ভীষ্মেতি। মহীক্ষিতাং রাজ্ঞাং চ প্রমুখতঃ সম্মুখে রথং স্থাপয়িত্বা। হে পার্থ! এতান্ কুরূন্ পশ্যেতি শ্রীভগবানুবাচ ॥ ২৪ ॥ ২৫ ॥

